ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



দেবদাস সিনেমার অভিনয় পছন্দ হতো মায়ের, বিশ্বাস শাহরুখের

পৃঃ ৫



যে শর্তে জাতীয় দলে ফিরতে পারবেন নেইমার

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৮৬ ● কলকাতা ● ০৭ কার্ত্তিক, ১৪৩১ ● বৃহস্পতিবার ● ২৪ অক্টোবর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## পশ্চিমবঙ্গের মৎস্যজীবীদের গ্রেফতারের ঘটনায়
## ইউনুসের সরকারকে কী বার্তা দিলেন মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জলপথের সীমানা ভুলে বাংলাদেশে ঢুকে পড়ার অপরাধে তিন দফায় পশ্চিমবঙ্গের ৮৪ জন মৎস্যজীবীকে গ্রেফতার করেছে বাংলাদেশের নৌ সেনা বাহিনী। ওই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

আগামী ফেব্রুয়ারি মাসে বাংলায় শিল্প সম্মেলনে যোগ দিতে আসছেন ভুটানের প্রধানমন্ত্রী। কথার পিঠে একথা জানিয়ে মমতা এই বার্তাও স্পষ্ট করতে চেয়েছেন, পশ্চিমবঙ্গের সঙ্গে কিন্তু বিভিন্ন দেশের সম্পর্ক বেশ মধুর।

জানা যাচ্ছে, পদ্মায় এখন ইলিশ ধরা নিষিদ্ধ। বাংলাদেশ নৌবাহিনী ও কোস্টগার্ড নিয়মিত প্যাট্রোলিং করছে। জাহাজের রাডারে সন্দেহজনক ফিশিং ট্রলারের উপস্থিতি পেয়ে সম্প্রতি বাংলাদেশের নৌ সেনা কর্তারা তিন দফায় পশ্চিমবঙ্গের চারটি ট্রলার আটক করে। গ্রেফতার করা হয় ৮৪ জন মৎস্যজীবীকে। হাসিনার সরকারের পতনের পর বাংলাদেশে মহম্মদ ইউনুসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার প্রতিষ্ঠিত হলেও বাংলাদেশ জুড়ে এখনও অস্থিরতা বিদ্যমান। ফলে পুরো ঘটনাকে ঘিরে উদ্বেগের মধ্যে রয়েছেন সংশ্লিষ্ট মৎস্যজীবীদের পরিবারগুলিও।

তবে পশ্চিমবঙ্গ থেকে যাওয়া মৎস্যজীবীদের সঙ্গে পরিচয় পত্র রয়েছে জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, "আশাকরি ওই দেশের সহযোগিতা পাব। কয়েকদিন আগে বাংলাদেশের ট্রলার আমাদের এখানে ঢুকে পড়েছিল। তাদের আমরা

এরপর ৩ পাতায়


## প্রাক্তন আইজি পঙ্কজ দত্তের
### অসুস্থতার জন্য দায়ী মমতা', মারাত্মক অভিযোগ তুললেন শুভেন্দু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যের প্রাক্তন আই জি পঙ্কজ দত্তর অসুস্থতার জন্য সরাসরি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে দায়ী করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তাঁর দাবি, মমতার সমালোচনা বার বার সরব হয়েছেন পঙ্কজ। পুলিশের গাফলতি নিয়ে সরব হয়েছেন তিনি। সেই নিয়ে লাগাতার তাঁকে হেনস্থা করা হচ্ছিল। বিজেপি নেতা শঙ্কুদেব পণ্ডার গলাতেও একই সুর। তাঁর অভিযোগ, মিথ্যে মামলায় পঙ্কজ দত্তকে হেনস্থা করে বড়তলা থানা। ছ'ঘণ্টার বেশি সময় ধরে চা এবং জল পর্যন্ত দেওয়া হয়নি। সেই অসম্মান মেনে নিতে পারেননি পঙ্কজ। বেনারসে গিয়ে অসুস্থ হয়ে পড়েন তিনি। শঙ্কুদেব জানিয়েছেন, পঙ্কজের অসুস্থতার খবর পেয়ে উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের সঙ্গে যোগাযোগ করেন শুভেন্দু। পঙ্কজের

এরপর ৩ পাতায়

## ঘূর্ণিঝড় ডানার আতঙ্কে আতঙ্কিত পশ্চিমবঙ্গ ও ওড়িশা



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** ঘূর্ণিঝড় ডানার আগমনী বার্তায় বুধবার সকাল থেকেই আকাশের মুখ ভার। জেলায় জেলায় শুরু হয়েছে বৃষ্টি। গভীর নিম্নচাপ বুধবার সকালেই ঘূর্ণিঝড় ডানায় পরিণত হয়ে ওড়িশা উপকূলের দিকে এগিয়ে আসছে। দিল্লির মৌসুম ভবন জানিয়েছে গত ছ' ঘন্টায় এই ঘূর্ণিঝড় ঘনটায় ১৫ কিলোমিটার বেগে উত্তর-পশ্চিম অভিমুখে এগিয়েছে। ওড়িশার পারাদ্বীপ উপকূল থেকে প্রায় ৫২০ কিলোমিটার, পশ্চিমবঙ্গের সাগরদ্বীপ থেকে ৬০০ কিলোমিটার এবং বাংলাদেশের খেপুপাড়া থেকে ৬১০ কিলোমিটার দূরে রয়েছে। আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে বুধবার সকাল সাড়ে পাঁচটায় নিম্নচাপটি ঘূর্ণিঝড় ডানায় পরিণত হয়েছে। বৃহস্পতিবার গভীর রাত থেকে শুক্রবার ভোরের মধ্যে ওড়িশার ধামারা বন্দরে ঘূর্ণিঝড় ডানা আছড়ে পড়ে ওড়িশার ভিতরকণিকার মধ্য দিয়ে ঝড়টি যাবার সময় তার গতি ঘন্টায় ১০০ থেকে ১১০ কিলোমিটার, সর্বোচ্চ ১২০ কিলোমিটার ছাড়িয়ে যেতে পারে। ঘূর্ণিঝড় ডানার প্রভাবে পূর্ব মেদিনীপুর ও দক্ষিন ২৪ পরগণায় সতর্কতা মূলক পদক্ষেপ নিয়েছে প্রশাসন। উপকূলের লোকজনকে সতর্ক করতে মাইকিং ব্যবস্থা করা হয়েছে। মন্দারমনি, তাজপুর, দীঘা, শংকরপুরের বিস্তীর্ণ এলাকায় সতর্কতা জারি করা হয়েছে এখানে মোতায়েন করা হয়েছে এনডিআরএফ। প্রশাসনের তরফে সোমবার থেকেই দক্ষিণ ২৪পরগনার সাগরদ্বীপ, নামখানা, পাথরপ্রতিমা, বকখালি সহ উপকূলবর্তী অঞ্চলে মাইকিং শুরু হয়ে গেছে। গঙ্গাসাগর, ফ্রেজারগঞ্জ এবং বকখালীতে সমুদ্রে নামার ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছে প্রশাসন। তবে দুই রাজ্যে ঘূর্ণিঝড় ডানা কতখানি প্রভাব ফেলতে চলেছে তার পরিমাপ এখনো করে ওঠা যাচ্ছে না। সমস্ত রকম সর্তকতা নেওয়ার ব্যবস্থা করেছে প্রশাসন।

মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে
কলকাতার কলেজ স্ট্রিটে
চারটি বই পাওয়া যাচ্ছে।
অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে
পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর মাতৃ শক্তি
কলেজ স্ট্রিট কেশব চন্দ্র স্ট্রিটে, অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও সুন্দরবনবাসি
বর্ণপরিচয় বিল্ডিংয়ে উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে
আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)

সরবেড়িয়া আন্-নূর মিশন

(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171

২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)

পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা

ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)

ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা

ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ

সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও
ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা







আবাসিক শিক্ষক চাই
বায়োলজি
এমএসসি অনার্স
ও একজন
কম্পিউটার
টিচার লাগবে
সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

❖ সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫

❖ নিউ বিশ্বাস জেরক্স
মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৬০৯০৮২৪১৬

❖ আদর্শ শিশু নিকেতন
ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০

❖ সাগরিকা লাইব্রেরী
বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭

❖ আরফান আলি বিশ্বাস
দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

## ঘূর্ণিঝড় ডানা নিয়ে জেলা প্রশাসন ও

# পুলিশ কমিশনারের পক্ষ থেকে মাইকিং প্রচার করলেন



**বেবি চক্রবর্তী: হুগলি: নিউজ সারাদিন :** ঘূর্ণিঝড় ডানা আছড়ে পড়তে চলেছে তাই সাধারণ মানুষকে সতর্ক করতে রাজ্যের বিভিন্ন জায়গার পাশাপাশি হুগলি জেলার অন্তর্গত বৈদ্যবাটি এলাকায় চন্দননগর পুলিশ কমিশনের অন্তর্গত শীরামপুর থানা,শেওড়াপুলি পুলিশ ফাঁড়ি এবং বৈদ্যবাটি পৌরসভা যৌথ উদ্যোগে মাইকিং প্রচার করে সতর্ক করা হচ্ছে সাধারণ মানুষকে বিপর্যস্ত বাড়ি থেকে বেরিয়ে পৌরসভার তৈরি অস্থায়ী ত্রাণ ক্যাম্পে গিয়ে থাকার নির্দেশ দেওয়া হচ্ছে। পরে এই প্রসঙ্গে বৈদ্যবাটি পৌরসভার পৌর প্রধান পিন্টু মাহাতো জানান সকলে বিপর্যস্ত বাড়িঘর ছেড়ে পৌরসভার অস্থায়ী ত্রাণ ক্যাম্পেসে উঠুন যারা ওই অস্থায়ী ক্যাম্পে আসবে তাদের খাওয়া-দাওয়া ৎধংধহ এমনকি মেডিকেল চিকিৎসা সমস্ত কিছুর দায়িত্ব পৌরসভা নেবে।

## প্রাকৃতিক দূর্যোগ (ডানা) নিয়ে

### কাকদ্বীপ মহকুমা প্রশাসন এর পক্ষ থেকে

# প্রস্তুত রয়েছে ইতি মধ্যে কন্ট্রোল রুম খোলা হয়েছে

**কাকদ্বীপ: নিউজ সারাদিন :** প্রাকৃতিক দুর্যোগ নিয়ে কাকদ্বীপ মহকুমা প্রশাসন এর সতর্ক রয়েছে,ইতিমধ্যেই কন্ট্রোল রুম খোলা হয়েছে। সাইক্লোন দানার কথা মাথায় রেখে এছাড়াও ফ্লাট সেল্টার ও স্কুল গুলিকে প্রস্তুত রাখা হয়েছে। এবিষয়ে কাকদ্বীপ

এরপর ৩ পাতায়

## জুনিয়র ডক্টরস ফোরামকে অ্যাকাউন্টে জমাপড়া টাকার বিষয়ে

# শ্বেতপত্র প্রকাশের আবেদন জানিয়ে বেনজির বার্তা ধনঞ্জয় চট্টোপাধ্যায় মামলা পুনর্বিচার মঞ্চের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস ফোরামকে তাদের অ্যাকাউন্টে এক দিনে একশ সাতাত্তর কোটি টাকা জমা হওয়ার বিষয়ে শ্বেতপত্র প্রকাশ করার চ্যালেঞ্জ ছুঁড়ে দিয়ে বেনজির বার্তা দিল ধনঞ্জয় চট্টোপাধ্যায় মামলা পুনর্বিচার মঞ্চ । মঞ্চের পক্ষ থেকে কনভেনর ডক্টর চন্দ্রচূড় গোস্বামী মেল করে জুনিয়র ডাক্তারদের বলেন বিলম্বিত বোধোদয় হলেও শেষ পর্যন্ত জুনিয়র ডাক্তাররা ধর্মঘট না করার যে সঠিক সিদ্ধান্ত নিয়েছেন সেই বিষয়ে তাদের ধন্যবাদ এবং কুর্নিশ । স্বাস্থ্য ব্যবস্থায় হরতাল করার বিপজ্জনক সিদ্ধান্ত নিলে মানুষের মনে আতঙ্ক সৃষ্টি হতো এবং চিকিৎসার অভাবে অনেক মানুষের মৃত্যু ঘটতে পারতো । ফলে ডাক্তাররা মানুষের চোখে রাজনৈতিক সুযোগসন্ধানী গণশত্রুতে পরিণত হতেন । আমরা ইতিমধ্যেই দুর্ভাগ্যজনক ভাবে আমাদের দিদি ডাক্তার তিলোত্তমাকে হারিয়ে ফেলেছি । তাঁর মা বাবা সারা জীবন চোখের জল ফেললেও ওনাদের মেয়ে ডাক্তার তিলোত্তমার আর কোন দিন ঘরে ফেরা হবেনা । কিন্তু এই বিষয়ে আন্দোলন করতে গিয়ে হরতাল ডাকার ফলে আবার যদি কোন মায়ের কোল খালি হয় তাহলে সেটাও এক কথায় খুনের নামান্তর । নির্ভয়া পক্ষ এবং ধর্ষক পক্ষ বলে মানুষকে দুই ভাগে ভাগ করে দেওয়াটা কখনোই সমীচীন নয় কারণ আর.জি.কর. ঘটনার পরও একটি বৃহত্তর অংশের গরীব বুভুক্ষু মেহনতি মানুষ আছেন যারা অপরাধীদের পক্ষেও নয় আবার এই আন্দোলনের সাথে প্রত্যক্ষ ভাবে তাদের কোন সংযোগ নেই । "দিন আনা দিন খাওয়া" এই মানুষগুলোর বেশি টাকা দিয়ে নার্সিং হোমে গিয়ে পরিষেবা নেওয়ার ক্ষমতা নেই বলেই চিকিৎসার ক্ষেত্রে তারা সম্পূর্ন ভাবে সরকারি হাসপাতালের উপর নির্ভরশীল । ডক্টর চন্দ্রচূড় গোস্বামী আরো বলেন এটা সত্যি দুর্ভাগ্যজনক যখন অভয়ার বিচারের দাবিতে জুনিয়র ডক্টরস ফোরামের কর্মবিরতি চলছে তখনও ওই জুনিয়র ডাক্তারদের মধ্যে প্রায় চারশো পঁচাত্তর জন ডাক্তার এই কয়দিনে প্রাইভেট প্র্যাকটিস করে প্রায় পঞ্চান্ন কোটি টাকা উপার্জন করেছেন । তারাতো সমাজসেবা করতে গিয়ে গরীবদুখীদের ফ্রীতে চিকিৎসা করার মত উদারতা দেখাতে পারেননি । ফলে প্রমাণিত হচ্ছে এই অরাজকতার সুযোগে ওই ডাক্তারদেরই একটি অংশ সুযোগসন্ধানী হয়ে প্রাইভেট প্র্যাকটিসের মাধ্যমে অর্থ উপার্জন করতে তৎপর । এই ঘটনা চোখে আঙুল দিয়ে প্রমাণ করে এই আন্দোলন কখনোই সর্বাত্মক ছিলনা । একদিকে ডাক্তাররা সরকারের বিরুদ্ধে আন্দোলন করতে গিয়ে কর্মবিরতি করেছেন অথচ সেই সময়ও সরকারের কাছ থেকে হাত পেতে বেতন বা স্ট্রাইপেন নিয়েছেন এটাও অত্যন্ত দৃষ্টিকটু । কোন একজন ডাক্তারও কেন আন্দোলন চলাকালীন স্ট্রাইপেন না নেওয়ার মত দৃঢ়তা দেখাতে পারলেন না সেটা বিস্ময়ের । শুধু জুনিয়ররা নন সিনিয়র ডাক্তারদেরও একটি অংশ মিডিয়ার সামনে গণরেজিগনেশন দেওয়ার মত কর্মসূচী করলেন । কিন্তু তারপর সরকার পক্ষ যখন সঠিক পদ্ধতিতে ব্যক্তিগত ভাবে রেজিগনেশন দেওয়ার ব্যাপারে বললো তখন সেই চ্যালেঞ্জ গ্রহণ করে একজন ডাক্তারও এগিয়ে এসে চাকরি থেকে ইস্তফা দেওয়ার মত মেরুদণ্ডের দৃঢ়তা দেখাতে পারেননি । অর্থাৎ এটাও ছিল প্রচারের আলোয় আসার কৌশল মাত্র । সবথেকে বড় কথা একটি বৃহত্তর অংশের

এরপর ৩ পাতায়

## জোকা - বিবাদী বাগ মেট্রো জট কাটলো



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সুপ্রিম কোর্টের হস্তক্ষেপে গাছ কাটা প্রসঙ্গে জোকা বিবাদীবাগ মেট্রো প্রকল্পের জট কাটলো।মেট্রো সম্প্রসারণে ৯৪৩ টি গাছ কাটার পরিকল্পনা ছিল। এই বিষয় নির্দেশ দিল বিচারপতি কে ভি বিশ্বনাথন এবং বিচারপতি পিকে মিশ্রর বেঞ্চ। বুধবার আদালত সাফ জানিয়েছে "কেন্দ্রের পরিবেশ মন্ত্রকের অনুমোদন ছাড়া কলকাতা মেট্রো রেলের কাজের জন্য নতুন করে গাছ কাটা যাবে না"। যদিও মেট্রো সম্প্রসারণে ছাড়পত্র দিয়েছে আদালত। কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের একটি রায়কে চ্যালেঞ্জ করে গত ২০ শে জুন প্রবীন আইনজীবী জয়দীপ গুপ্ত মামলা করেছিলেন। সেই রায়ে বুধবার স্থগিতাদেশ দিল সর্বোচ্চ আদালত। প্রবীণ এই আইনজীবী শুনানিতে দাবি করেন ১০ কিলোমিটার মেট্রো সম্প্রসারণের জন্য ৯৪৩ টি গাছ কাটার পরিকল্পনা করা হয়েছে। জয়দীপ বাবু জালান কোন কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই বিপুল সংখ্যক গাছ কাটা হচ্ছে। এই বিষয় বিবেচনা করতে ব্যর্থ হয়েছে হাইকোর্ট। সলিসিটার জেনারেল তুষার মেহেতা জানান কোন গাছ পুরোপুরি কেটে ফেলা হয়নি অন্যত্র প্রতিস্থাপনের জন্য উপড়ে ফেলা হয়েছে। ইতিমধ্যে ৯৪ টি গাছ অন্য জায়গায় লাগানো হয়েছে। মেট্রো রেলের কাজের জন্য ময়দান এলাকায় গাছ কাটা যাবে না বলে গত ১৩ ই সেপ্টেম্বর সুপ্রিম কোর্ট রায় দিয়েছিল। তখন বিচারপতি বি আর গাভাই এবং কেভি বিশ্বনাথনের বেঞ্চ নির্দেশ দেন মামলার পরবর্তী শুনানি পর্যন্ত এই নিষেধাজ্ঞা বহাল থাকবে। ময়দান হল শহরের ফুসফুস। সেখানে এত গাছ কাটা হলে পরিবেশের ক্ষতি হবে। মমিনপুর থেকে ধর্মতলা পর্যন্ত মেট্রোর কাজের জন্য ওই এলাকায় ৭০০টি গাছ কাটা পড়তে পারে। এই আশঙ্কায় পিপল ইউনাইটেড ফর বেটার লিভিং ইন কলকাতা নামে একটি সংগঠন ২০২৩ সালে হাইকোর্টের জনস্বার্থ মামলা দায়ের করেছিল।

## ঘূর্ণিঝড় ডানার বিপদ এড়াতে দূরপাল্লার ট্রেনের

# পাশাপাশি অনেক লোকাল ট্রেন বাতিল করা হয়েছে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ঘূর্ণিঝড় ডানার বিপদ এড়াতে পূর্ব রেলের শিয়ালদাহ স্টেশন থেকে বৃহস্পতিবার রাত ৮টার পর থেকে শুক্রবার সকাল ১০ টা পর্যন্ত আর কোন লোকাল ট্রেন ছাড়বে না। একইভাবে নামখানা, হাসনাবাদ থেকেও কোন ট্রেন রওনা দেবে না।

পূর্ব রেলের তরফে জানানো হয়েছে, " ঝড়ের দাপট চলাকালীন ট্র্যাকে যাতে কোন ট্রেন না থাকে তার জন্য এই ব্যবস্থা। সাধারণ মানুষের সুরক্ষাই প্রধান লক্ষ্য"। আবহাওয়া দপ্তরের খবর অনুযায়ী বৃহস্পতিবার রাত বা শুক্রবার সকালে ডানা পুরী ও সাগরদ্বীপের মাঝে আছড়ে

এরপর ৩ পাতায়

## শেখ হাসিনার পর এবার রাষ্ট্রপতি সাহাবুদ্দিনের

# পদত্যাগের দাবিতে বিক্ষোভ বাংলাদেশে

**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** শেখ হাসিনার পরে এবার রাষ্ট্রপতির পদত্যাগ চেয়ে বাংলাদেশের নাগরিকরা বিক্ষোভ দেখাচ্ছেন। তার ফলে আবারও অশান্ত হয়ে উঠলো বাংলাদেশ।

রাষ্ট্রপতি ভবনের সামনে চলছে তুমুল বিক্ষোভ। বাংলাদেশের একাধিক জায়গায় সংঘর্ষের পরিস্থিতি তৈরি হয়েছে। এই সংঘর্ষের ফলে এখনো পর্যন্ত পাঁচজন জখম হয়েছে বলে জানতে পারা গেছে। প্রসঙ্গত উল্লেখ্য কয়েক মাস আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদত্যাগের দাবিতে উত্তাল হয়ে উঠেছিল বাংলাদেশ। প্রায় একমাস ধরে চলা লাগাতার বিক্ষোভ আন্দোলনের পরে শেখ হাসিনা প্রধানমন্ত্রীর পদ থেকে ইস্তফা দিয়ে তেজ ছাড়তে বাধ্য হয়েছিলেন। বাংলাদেশের নাগরিকরা তাঁর বিরুদ্ধে স্বৈরাচারী সরকার চালানোর অভিযোগ করেছিলেন।

শেখ হাসিনা পদত্যাগ করে দেশ ছাড়ার পর নোবেলজয়ী অর্থনীতিবিদ মোহাম্মদ ইউনুসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার দেশ চালাচ্ছেন। এবার রাষ্ট্রপতি মোহম্মদ সাহাবুদ্দিনের পদত্যাগের দাবিতে বাংলাদেশ উত্তাল হয়ে উঠল। এই বিক্ষোভ সংঘর্ষের পরিস্থিতি তৈরি করেছে। জানা গেছে পুলিশের গুলিতে দুজন আহত হয়েছেন। মঙ্গলবার রাত থেকে পরিস্থিতি আরো খারাপ হতে শুরু করেছে। পুলিশের গুলিতে যে দুজন আহত হয়েছেন এর মধ্যে একজন শিক্ষার্থীও রয়েছেন। বাংলাদেশে নতুন অন্তর্বর্তী সরকার গঠনের পরে আগামী বছর জানুয়ারি মাসে সাধারণ নির্বাচন হওয়ার কথা আর তারই মাঝে একাধিক বিষয় বাংলাদেশের জনগণ অসন্তোষ প্রকাশ করেছিলেন।

বুধবার সকাল থেকে বঙ্গভবন এর সামনে একাধিক ছাত্র সংগঠন রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখাচ্ছেন। বৈষম্যবিরোধী ছাত্রসংগঠন বৃহস্পতিবারের মধ্যে রাষ্ট্রপতিকে পদত্যাগ করার সময়সীমা বেঁধে দিয়েছেন। জানা গেছে জানুয়ারি মাসের সাধারণ নির্বাচনের আগে আওয়ামী লীগকে নিষিদ্ধ করা হতে পারে। শুধুমাত্র রাষ্ট্রপতির পদত্যাগই নয়, আন্দোলনকারীদের মোট পাঁচ দফা দাবি রয়েছে। যার মধ্যে রয়েছে সংবিধান বাতিল কিংবা আওয়ামী লীগের ছাত্র সংগঠনকে জঙ্গি তকমা দিয়ে নিষিদ্ধ করতে হবে। ছাড়াও ২০১৪, ২০১৮ এবং ২০২৪ সালে যে নির্বাচন হয়েছিল তা বেআইনি ঘোষণা করতে হবে। এই নির্বাচনে জিতে যে প্রতিনিধিরা সংসদের সদস্য হয়েছেন তাদের সদস্যপদও বাতিল করতে হবে। এই আন্দোলনকে কেন্দ্র করে উত্তপ্ত হয়ে ওঠে ঢাকা শহর। যার কেন্দ্র রাষ্ট্রপতির সরকারি বাসভবন 'বঙ্গভবন' রয়েছে।









## ইরান ইসলামিক প্রজাতন্ত্রের প্রেসিডেন্টের সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

**নয়াদিল্লি, ২২ অক্টোবর ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ কাজানে ১৬তম ব্রিক্স শীর্ষ বৈঠকের ফাঁকে ইরান ইসলামিক প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট ডঃ মাসুদ পেজেশকিয়ান-এর সঙ্গে সাক্ষাৎ করেন। ইরান ইসলামিক প্রজাতন্ত্রের নবম প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হওয়ার জন্য মাসুদ পেজেশকিয়ানকে অভিনন্দন জানান প্রধানমন্ত্রী। ব্রিক্স পরিবারে ইরানকে তিনি স্বাগত জানান। দুই নেতা দ্বিপাক্ষিক সম্পর্কের নানা দিক নিয়ে আলোচনা করেন এবং বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতাকে আরও মজবুত করার ব্যাপারেও তাঁদের মধ্যে কথা হয়। দু'দেশের সম্পর্কের ক্ষেত্রে দীর্ঘমেয়াদি চাবাহার বন্দর চুক্তিতে স্বাক্ষর এক উল্লেখযোগ্য মাইলফলক। সেইসঙ্গে, আফগানিস্তানের পুনর্নির্মাণ এবং উন্নয়ন নিয়েও তাঁরা নিজেদের অঙ্গীকারের কথা জানান। মধ্য এশিয়ায় বাণিজ্যিক ও আর্থিক সুযোগ-সুবিধার সম্প্রসারণ নিয়েও তাঁরা আলোচনা করেন।

এছাড়া, পশ্চিম এশিয়ার

এরপর ৪ পাতায়

২ পাতার পর

## প্রাকৃতিক দূর্যোগ (ডানা) নিয়ে কাকদ্বীপ মহকুমা প্রশাসন এর পক্ষ থেকে প্রস্তুত রয়েছে ইতি মধ্যে কন্ট্রোল রুম খোলা হয়েছে

মহকুমা শাসক মধুসূদন মন্ডল বলেন, প্রকৃতিক দুর্যোগ মোকাবিলা করতে মহকুমা প্রসাশন প্রস্তুত রয়েছে। সারাক্ষণের জন্য কন্ট্রোল রুম খোলা হয়েছে। ফ্লাট স্লেটার গুলিকেও প্রস্তুত রাখা হয়েছে। উত্তর আন্দামান সাগরে থাকা ঘূর্ণাবর্তটি বর্তমানে নিম্নচাপে পরিণত হয়েছে। আগামী ২২ শে অক্টোবর সকালে এটি গভীর নিম্নচাপে পরিণত হয়েছে এবং উত্তর-পশ্চিমে সরে আসবে। আগামী ২৩ শে অক্টোবর এটি ঘূর্নিঝড় ডানায় পরিণত হয়েছে। সম্ভাব্য ল্যান্ডফল জোন হতে পারে পশ্চিমবঙ্গ ও উড়িষ্যা উপকূলীয় অঞ্চল। আছড়ে পড়ার সময় বাতাসের গতিবেগ থাকতে পারে ৯০-১১০ শসঢ়য (এধষব রিহফ) ও দমকা বাতাস ১২০ কসঢ়য(মঁংঃ) এর জেরে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সতর্কতা রয়েছে। এখনো পর্যন্ত লাল হলুদ কমলা সতর্কতা রয়েছে। বর্তমান সতর্কতা রয়েছে ওড়িশা অন্ধ্রপ্রদেশ পশ্চিমবঙ্গ ঝাড়খন্ড বিহার এবং উত্তর-পূর্বের রাজ্যসমূহ। যদিও সম্ভাব্য আছড়ে পড়া অঞ্চল চিহ্নিত হয়নি। পশ্চিমবঙ্গ ওড়িশা উপকূলের যেকোন স্থানে আছড়ে পড়ার সম্ভাবনা রয়েছে। ওড়িশা ও পশ্চিমবঙ্গ উপকূলে আগামী ২৩ অক্টোবর থেকেই প্রভাব পড়তে শুরু করবে। ল্যান্ডফল ২৪ অক্টোবর হওয়ার সম্ভাবনা রয়েছে। পাশাপাশি সাইক্লোন দানার কথ মাথায় রেখে শিয়ালদাহ অর্থাৎ পূর্ব রেলওয়ে ডিভিশন সিদ্ধান্ত নিয়েছে ২৪ তারিক রাত আট টা থেকে ২৫ তারিখ সকাল ১০ টা পর্যন্ত কোনো ট্রেন শিয়ালদা স্টেশন থেকে ছাড়বে না। গাঙ্গেয় উপকূলে বিধ্বংসী ভাবে ঝড়ের আশঙ্কা প্রকাশ করেছেন আবহাওয়া দপ্তর।তাই দক্ষিণ ২৪ পরগনা জেলা ও সাগর ব্লক প্রশাসনের উদ্দেশ্যে ২৪ ও ২৫ অক্টোবর বৃহঃ ও শুক্রবার লোট নম্বর ৮ থেকে কচুবেরিয়া ফেরি পরিষেবা সম্পূর্ণ ভাবে বন্ধ থাকবে, প্রশাসনের পরবর্তী নির্দেশ না পাওয়া পর্যন্ত। ডইঝঊউঈখ এর হেল্পলাইন নম্বর ৮৯০০৭৯৩৫০৩, ৮৯০০৭৯৩৫০৪ Toll free ১৯২২১, হোয়াটসঅ্যাপ-৮৪৩৩৭১৯১২১১ CESC helpline number ০৩৩ ৩৫০১১৯১২, ০৩৩ ৪৪০৩১৯১২, ১৮৬০৫০০১৯১২, ১৯১২ হোয়াটসঅ্যাপ ৭৪৩৯০০১৯১২

২ পাতার পর

## জুনিয়র ডক্টরস ফোরামকে অ্যাকাউন্টে জমাপড়া টাকার বিষয়ে শ্বেতপত্র প্রকাশের আবেদন জানিয়ে বেনজির বার্তা ধনঞ্জয় চট্টোপাধ্যায় মামলা পুনর্বিচার মঞ্চের

ডাক্তার কিন্তু এই গণডেপুটেশন দেওয়া থেকে বিরত থেকেছেন । ধনঞ্জয় চট্টোপাধ্যায় মামলা পুনর্বিচার মঞ্চ যখন আগামী দিনে আইনি পথে এবং জনতার আদালতে আন্দোলন এগিয়ে নিয়ে যাওয়ার জন্য গণ অর্থসংগ্রহ অভিযান করার কথা ভাবছে তখন জুনিয়র ডাক্তারদের সাংগঠনিক অ্যাকাউন্টে এক দিনে একশ সাতাত্তর কোটি টাকা জমা হওয়ার মত ঘটনা বেনজির । রাজনৈতিক মুখোশধারী একটি গোষ্ঠী টাকা দিয়ে ডাক্তারদের মেধা ও অস্তিত্বকে কিনে নিতে চায় এবং তারাই ডাক্তারদের দিয়ে বলায় কাদের আন্দোলনে সামিল করা হবে এবং কাদের সামিল করা হবেনা । এই ঘটনাই প্রমাণ করে মেধাবী জুনিয়র ডাক্তারদের শিখণ্ডী হিসেবে ব্যবহার করে অথবা মেঘনাদের মত মেঘের আড়ালে থেকে আসলে ক্ষমতা দখলের নেশায় বুঁদ হয়ে রয়েছে একটি নির্দিষ্ট রাজনৈতিক গোষ্ঠী ।গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচনে না জিততে পারা ওই গোষ্ঠী আসলে আন্দোলনের নামে অরাজকতা জিইয়ে রেখে ক্ষমতা ভোগ করতে চায় । সততার সাথে লেখাপড়া করে ঠিক কতটা অধ্যাবসায় এবং মেধা থাকলে কোনো বিষয়ে ডক্টরেট বা চিকিৎসা ক্ষেত্রে বড় ডাক্তার হওয়া যায় সেই কথা মনে করিয়ে দিয়ে ডক্টর চন্দ্রচূড় গোস্বামী বলেন শিক্ষিত তরুণ প্রজন্মের প্রতিনিধিদের দেশ ও জনগণের জন্য কাজ করার ক্ষেত্রে অঙ্গীকারবদ্ধ হওয়া উচিত ।কোন মূল্যেই আরবান নকশাল বা বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠীর ট্র্যাপে পা দেওয়া উচিত নয় কারণ দিনের শেষে সবার উচিৎ একটি ত্রুটিহীন বিচার ব্যবস্থা এবং একটি অপরাধহীন সমাজ ব্যবস্থা গঠনের কাজে ব্রতী হওয়া ।




## হুইস্পার অফ এ ওয়েটল্যান্ড: এ ভিশন ফর টুমরো" , আবু (এশিয়া -প্যাসিফিক ব্রডকাস্টিং ইউনিয়ন) ২০২৪ এ সেরার শিরোপা জিতল

**কলকাতা, ২৩ অক্টোবর, ২০২৪ : নিউজ সারাদিন :** আকাশবাণী আনন্দের সঙ্গে জানাচ্ছে যে "হুইস্পার অফ এ ওয়েটল্যান্ড: এ ভিশন ফর টুমরো", রেডিও ডকুমেন্টারিটি রেডিও/অডিও আবু পারস্পেকটিভ অ্যাওয়ার্ড ২০২৪ বিভাগে সেরা হিসেবে আবু প্রাইজেস ২০২৪ জিতে নিয়েছে। এটি প্রযোজনা করেছেন আকাশবাণী কলকাতার অনুষ্ঠান আধিকারিক শুভায়ণ বালা।

পূর্ব কলকাতা জলাভূমির পরিবেশগত গুরুত্ব এবং নগরোন্নয়নে এর ভূমিকা এই ডকুমেন্টারির মূল বিষয়বস্তু ছিল। সারা বিশ্বে ৩৪২ টিরও বেশি এন্ট্রি থেকে বেছে নেওয়া হয়েছিল।

এই বছরের পারস্পেকটিভ থিম ছিল "ভবিষ্যত", এমন কর্মকাণ্ড যা ভবিষ্যত সংক্রান্ত আলোচনাকে উদ্বুদ্ধ করে; উদ্ভাবন থেকে বিজ্ঞান, প্রযুক্তি, বা ব্যক্তিগত প্রচেষ্টা এবং আগামীর সম্ভাবনা নিয়ে ভাবে। "হুইস্পার অফ এ ওয়েটল্যান্ড: এ ভিশন ফর টুমরো" , কলকাতার "কিডনি" হিসাবে জলাভূমির ভূমিকা তুলে ধরেছে এবং পরিবেশের সংরক্ষণে এর ভূমিকা নিয়ে বার্তা দিয়েছে। ডকুমেন্টারিটি জলাভূমির প্রাকৃতিক জল শোধন ব্যবস্থা এবং সমৃদ্ধ জীববৈচির্ত্যকে তুলে ধরে, যার মধ্যে স্থানীয় অর্থনীতি এবং সাংস্কৃতিক ঐতিহ্যে তাদের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে।

এশিয়া-প্যাসিফিক ব্রডকাস্টিং ইউনিয়ন (অইট) দ্বারা বার্ষিক

এরপর ৪ পাতায়

১-ম পাতার পর

## পশ্চিমবঙ্গের মৎস্যজীবীদের গ্রেফতারের ঘটনায় ইউনুসের সরকারকে কী বার্তা দিলেন মমতা

ছেড়ে দিয়েছি। তাদের কাছে নথিপত্র ছিল। আমাদের যাঁরা গিয়েছেন তাদেরও আধার কার্ড রয়েছে।"

একই সঙ্গে মমতা এও বলেন, "বাংলাদেশ আমাদের বন্ধু দেশ। সাংস্কৃতিক আদানপ্রদান রয়েছে। একই ভাষায় কথা বলি। দুদেশের সম্পর্ক আমি আশা করি আবার ভাল হয়ে যাবে। সীমান্তবর্তী দেশগুলো যদি একে অপরের সঙ্গে সদ্ভাব বজায় রেখে চলে তাহলে সবারই ভাল।"পর্যবেক্ষকদের অনেকের মতে, নরমে গরমে মুখ্যমন্ত্রী ইউনুসের সরকারকে বোঝাতে চেয়েছেন, সদ্ভাব বজায় না রাখলে সমস্যা বাড়বে দু'দেশের সম্পর্কে।

আগামী ফেব্রুয়ারি মাসে বাংলায় শিল্প সম্মেলনে যোগ দিতে আসছেন ভুটানের প্রধানমন্ত্রী। কথার পিঠে একথা জানিয়ে মমতা এই বার্তাও স্পষ্ট করতে চেয়েছেন, পশ্চিমবঙ্গের সঙ্গে কিন্তু বিভিন্ন দেশের সম্পর্ক বেশ মধুর।

১-ম পাতার পর

## প্রাক্তন আইজি পঙ্কজ দত্তের অসুস্থতার জন্য দায়ী মমতা', মারাত্মক অভিযোগ তুললেন শুভেন্দু

মস্তিষ্কে অস্ত্রোপচারের ব্যবস্থা করা হয়েছে। এয়ার অ্যাম্বুল্যান্সে চাপিয়ে পঙ্কজকে কলকাতায় ফেরানোর চেষ্টা হচ্ছে বলেও জানিয়েছেন শঙ্কুদেব।

জানা গিয়েছে, উত্তরপ্রদেশের বারাণসীতে ফিলোজফিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়ার বার্ষিক অনুষ্ঠানে যোগ দিতে গিয়েছিলেন পঙ্কজ। ওই সংগঠনের রাজ্য শাখার সভাপতিও তিনি। সেখানে বক্তৃতা করার সময় তিনি অসুস্থ পড়েন বলে জানা গিয়েছে। নাক-মুখ দিয়ে রক্তক্ষরণ শুরু হয়। সংজ্ঞাহীন অবস্থায় হাসপাতালে বর্তি করা হয় তাঁকে। বারাণসীর ট্রমা কেয়ার সেন্টারে ভর্তি রয়েছেন তিনি।

মমতার পাশাপাশি, কলকাতা পুলিশও পঙ্কজের শারীরিক অবস্থার অবনতির জন্য দায়ী বলে অভিযোগ করেছেন শুভেন্দু। বারাণসীতে একটি সভায় বক্তৃতা করতে গিয়ে অসুস্থ হয়ে পড়েন পঙ্কজ। এই মুহূর্তে সেখানকার হাসপাতালেই ভর্তি রয়েছেন তিনি। আর সেই খবর সামনে আসতেই সোশ্যাল মিডিয়ায় সরব হন শুভেন্দু। তাঁর বক্তব্য, 'অবসরপ্রাপ্ত আইপিএস অফিসার পঙ্কজ দত্ত সঙ্কটজনক জেনে স্তম্ভিত আমি। ২০১১ সালে পশ্চিমবঙ্গের আই জি হিসেবে অবসর নেন উনি, এখনও অচেতন রয়েছেন। উত্তরপ্রদেশের বারাণসী হাসপাতালে চিকিৎসা চলছে ওঁর। হঠাৎ ওঁর এই অসুস্থতার জন্য পশ্চিমবঙ্গের স্বরাষ্ট্রমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দায়ী বললে কোনও ভুল হবে না'। শুভেন্দুর বক্তব্য, 'মমতা বন্দ্যোপাধ্যায় সরকারের সমালোচক পঙ্কজ দত্ত। বিশেষ করে পুলিশি তদন্তের ফাঁক-ফোকরগুলি নিয়ে সমালোচনা করেন, পুলিশি নৃশংসতা, অতিসক্রিয়তা নিয়ে সরব তিনি। এর দরুণ বেশ কিছু সময় ধরে কলকাতা পুলিশ এবং কলকাতা পুলিশের কমিশনার মনোজকুমার ভার্মা, মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে তাঁকে হেনস্থা করছিলেন' ।আর জি করের ঘটনার উল্লেখ করে শুভেন্দু লেখেন, 'সম্প্রতি আর জি করের ঘটনায় কলকাতা পুলিশের নিন্দা করেন পঙ্কজ দত্ত। এর পর বড়তলা থানায় তাঁকে ডেকে পাঠানো হয়। দিনভর তাঁকে বসিয়ে রাখা হয়, এককাপ চা পর্যন্ত দেওয়া হয়নি। মমতার পুলিশ ওঁর স্বাস্থ্যের এই অবস্থার জন্য দায়ী। ওঁকে চূড়ান্ত মানসিক অশান্তিতে রাখা হয়েছিল। সরকারের গঠনমূলক সমালোচনা যে কোনও নাগরিকের গণতান্ত্রিক এবং অতি প্রয়োজনীয় অধিকার। দুর্ভাগ্যজনক বিষয় হল, মমতা বন্দ্যোপাধ্যায়ের মতো মানুষের তা হজম হয় না'।

২ পাতার পর

## ঘূর্ণিঝড় ডানার বিপদ এড়াতে দূরপাল্লার ট্রেনের পাশাপাশি অনেক লোকাল ট্রেন বাতিল করা হয়েছে

পড়তে পারে। এই আশঙ্কায় পুরীগামী সব ট্রেন বাতিল করা হয়েছে। দক্ষিণ ভারতে যাতায়াতকারী প্রায় সব ট্রেনেই এর প্রভাব পড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। রেল সূত্রে জানা গেছে পুরীগামী বন্দে ভারত সহ হাওড়া, শালিমার এবং সাঁতরাগাছি থেকে ৮৫টি দূরপাল্লার ট্রেন বাতিল করা হয়েছে। এমনকি ডাউনে যে ট্রেনগুলি আসবে তার মধ্যেও ৯৩ টি ট্রেন বাতিল করা হয়েছে। যার মধ্যে একাধিক সুপারফাস্ট ট্রেন রয়েছে। আবহাওয়া দপ্তর সূত্রের খবর বঙ্গোপসাগরে ইতিমধ্যেই তৈরি হয়েছে ঘূর্ণিঝড় ডানা। যার দাপটে তছনছের আশঙ্কা রয়েছে বাংলা এবং উড়িষ্যায়। বৃহস্পতিবার রাত থেকে শুক্রবার ভোরের মধ্যে সাগরদ্বীপ ও পুরীর মধ্যে আছড়ে পড়বে ডানা। ইতিমধ্যেই কলকাতা সহ একাধিক এলাকায় শুরু হয়ে গেছে দুর্যোগ। আশঙ্কায় ইতিমধ্যেই প্রশাসন ও কোমর বেঁধেছে। দুই রাজ্যেই দুই শতাধিক ট্রেন বাতিল করা হয়েছে। রেলর তরফ থেকে এক বিবৃতির মাধ্যমে জানানো হয়েছে, লক্ষীকান্তপুর - নামখানা, শিয়ালদা - লক্ষীকান্তপুর, শিয়ালদা - ডায়মন্ড হারবার, শিয়ালদা - বারুইপুর, শিয়ালদা - সোনারপুর, শিয়ালদা - বারাসাত হাসনাবাদ লোকাল, শিয়ালদা - ক্যানিং, শিয়ালদহ - বজবজ, হাওড়া - ব্যান্ডেল লোকাল, ব্যান্ডেল - হাওড়া লোকালের মত একাধিক হাওড়া ও শিয়ালদা ডিভিশনের লোকাল ট্রেন বাতিল করা হয়েছে। সূত্রের খবর শুক্রবার পরিস্থিতি দেখে একাধিক ট্রেন বাতিল হতে পারে। তবে প্রেম বাতিলের খবর স্টেশনেই জানিয়ে দেওয়া হবে। এমনকি সময় বদল হলে এটিও স্টেশনে ঘোষণা করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। শিয়ালদা ডিআরএম দীপক নিগম জানিয়েছেন, ডানার প্রভাব পড়তে পারে এই আশঙ্কায় ১৬০টি লোকাল ট্রেন বাতিল করা হয়েছে। শুধু তাই নয় বৃহস্পতিবার অর্থাৎ আগামীকাল সন্ধ্যে থেকে কয়েকটি শাখায় বন্ধ থাকবে ট্রেন চলাচল। হাওড়া খড়গপুর ডিভিশনও একই সিদ্ধান্ত গ্রহণ করতে চলেছে। লোকাল ট্রেনের পাশাপাশি একাধ দূরপাল্লার ট্রেনও বাতিল করা হয়েছে। পূর্ব রেল জানিয়েছে ইস্ট কোস্ট রেল (পূর্ব উপকূলীয় রেল) এর অনুরোধে, পূর্ব রেলের আওতায় থাকা বেশ কিছু ট্রেন বুধবার থেকে শুক্রবার পর্যন্ত বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেই তালিকায় রয়েছে বুধবার শিয়ালদা পুরী দুরন্ত এক্সপ্রেস, সেকেন্দ্রাবাদ হাওড়া ফলকনামা এক্সপ্রেস, পুরী জয়নগর এক্সপ্রেস সহ বেশ কিছু দূরপাল্লার ট্রেন। বৃহস্পতিবার বাতিল করা হয়েছে কলকাতা পুরী স্পেশাল এক্সপ্রেস, হাওড়া সেকেন্দ্রাবাদ ফলকনামা এক্সপ্রেস, বেঙ্গালুরু হাওড়া দুরন্ত এক্সপ্রেস সহ বেশ কিছু দূরপাল্লার ট্রেন। শুক্রবার বাতিল করা হয়েছে দীঘা বিশাখাপত্তনাম এক্সপ্রেস।

পশ্চিমবঙ্গের পাশাপাশি একই ছবি দেখতে পাওয়া গেছে উড়িষ্যাতেও। সেখানেও করা সতর্কতা জারি করা হয়েছে। পুরীতে হাই এলার্ট জারি করা হয়েছে। বন্ধ রয়েছে স্কুল কলেজ। বুধবার বিকেল পাঁচটায় তীরবর্তী সমস্ত হোটেল, লজ খালি করার নির্দেশ দিয়েছে উড়িষ্যা প্রশাসন। একাধিক ট্রেন বাতিল হওয়ায় পর্যটকদের বাড়ি ফিরতে অসুবিধা হচ্ছে। সব মিলিয়ে ঘূর্ণিঝড় ডানার জেরে কঠিন পরিস্থিতিতে পড়েছেন পর্যটকরা।


ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

দৈনিক সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৮৬ সংখ্যা ২৪ অক্টোবর, ২০২৪ বৃহস্পতিবার ০৭ কার্ত্তিক, ১৪৩১

## জাতীয় জল পুরস্কার প্রদান রাষ্ট্রপতির



নয়াদিল্লি, ২২ অক্টোবর ২০২৪ : নিউজ সারাদিন : রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ (২২ অক্টোবর) নতুন দিল্লিতে পঞ্চম জাতীয় জল পুরস্কার প্রদান করেন। এই উপলক্ষে তাঁর ভাষণে রাষ্ট্রপতি জলের প্রয়োজনীয়তা এবং প্রত্যেকটি মানুষের মৌলিক অধিকারের কথা তুলে ধরেন। বিশুদ্ধ জল সুনিশ্চিত না হলে কখনও পরিচ্ছন্ন ও সমৃদ্ধ সমাজ গড়ে উঠতে পারে না। দুঃস্থ মানুষের স্বাস্থ্য, খাদ্য সুরক্ষা ও জীবিকার ক্ষেত্রে জলের ঘাটতি এবং দুর্বল স্যানিটেশন ব্যবস্থার প্রভাব রয়েছে। রাষ্ট্রপতি বলেন, গোটা বিশ্বে বিশুদ্ধ জলের পরিমাণ সীমিত, আমরা জলের সংরক্ষণ এবং পরিচালন ব্যবস্থাকে উপেক্ষা করি। জল সংরক্ষণের লক্ষ্যে ভারত সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে সন্তোষ প্রকাশ করেন শ্রীমতী মুর্মু। তিনি বলেন, আমাদের ঐতিহ্যের অংশ হল জল সংরক্ষণ। আমাদের পূর্বপুরুষরা গ্রামের আশেপাশে পুকুর খনন করতেন। জলের সঙ্কটের সময় এই পুকুরের জল ব্যবহার করা হত। কিছু কিছু মানুষ ব্যক্তিগত স্বার্থে এইসব জলাধার অবৈধভাবে দখল করে রেখেছেন যার ফলে খরার সময় জলের সঙ্কট এবং বৃষ্টিতে বন্যা পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। জলসম্পদ রক্ষায় উল্লেখযোগ্য ভূমিকা পালনের জন্য জাতীয় জল পুরস্কার প্রদান করেন রাষ্ট্রপতি। রাজ্য, জেলা, গ্রাম পঞ্চায়েত সহ ৯টি বিভাগে পুরস্কার প্রদান করেন তিনি।

## সম্পাদকীয়

### রাজপথ ছাড়ি নাই থেকে আমরা বিভ্রান্ত! 'দ্রোহকাল' নিয়ে কী বলছেন দেবলীনা-সুহোত্র?

অভয়ার সুবিচার থেকে স্বাস্থ্য ক্ষেত্রে ঘুঘুর বাসা ভাঙার দাবি। টানা আন্দোলন, ধরনা, অনশন থেকে টাস্কফোর্স গঠন। গত মাস দুয়েকে দ্রোহের ছবি দেখেছে তিলোত্তমা-সহ গোটা রাজ্য। মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে অবশেষে কেটেছে জট। আমরণ অনশন প্রত্যাহার করেছেন জুনিয়র ডাক্তাররা।সুহোত্র আরও জানান, "রাজপথ ছেড়ে দেওয়া হয়েছে। প্রয়োজনে আবার দখল হবে। এই আন্দোলন এখন প্রত্যেকটি মানুষের। আমার বিশ্বাস আন্দোলন এর পরেও সুনির্দিষ্ট পথ পাবে। আমি নাগরিক হিসেবে চাইব, এই ঘটনার যেন একটা দ্রুত সমাধান ঘটে। মানুষ খুব রেগে রয়েছে, কষ্টে রয়েছে। এর সমাধান হলে মানুষ একটু আশার আলো দেখবে।"যদিও তাঁদের দাবি, সরকারের কথায় নয় বরং অভয়ার বাবা-মায়ের কথায় এই সিদ্ধান্ত এবং অনশন শেষ হলেও হুমকি সংস্কৃতি, দুর্নীতি ও বিচারের দাবিতে আন্দোলন চলবে। তবে সোমবারের পর ছবি অনেকটাই পালটেছে। অনেকেই মনে করছেন, যেহেতু আন্দোলনের মূল চালিকা শক্তি ছিলেন ডাক্তাররাই তাই, অনশন উঠতে দ্রোহে ভাটা পড়েছে। অনেকটাই থিতিয়ে গিয়েছে বিক্ষোভ। নেটদুনিয়ায়, বিভিন্ন প্রতিবাদী গ্রুপের সক্রিয়তা ম্লান হয়েছে। প্রশ্ন উঠছে তাহলে কি আপাতত আন্দোলনে ইতি? ঘটনার ঘনঘটায় কি অভয়ার বিচারের দাবিটাই চাপা পড়ে যাচ্ছে?

এই প্রশ্ন নিয়ে সংবাদ প্রতিদিন ডিজিটালের পক্ষ থেকে টলিপাড়ার অনেকের সঙ্গে ফোনে যোগাযোগ করা হয়েছিল । বেশিরভাগই চুপ থেকেছেন। দিয়েছেন ঠোঁটে আঙুল। তবে উত্তর দিয়েছেন, অভিনেত্রী দেবলীনা দত্ত এবং অভিনেতা সুহোত্র মুখোপাধ্যায়। এই দুজনকেই দেখা গিয়েছিল ধর্মতলার অনশন মঞ্চে। এই দুজনই শামিল হয়েছিলেন ২৪ ঘণ্টার প্রতীকী অনশনে।দ্রোহকাল নিয়ে দেবলীনা দত্ত জানালেন, "টাস্ক ফোর্স গঠন হওয়া আর অভয়ার বিচার, এই দুটোর মধ্যে কোনও বিরোধ নেই। ব্যাপারটা এমন নয় যে, একটা হলে আরেকটা চাপা পড়ে যাবে। এটা এখন সমশব্দ। টাস্কফোর্স গঠন হওয়ার প্রয়োজনীওতা এই কারণেই যাতে আরেকটা অভয়া না ঘটে। শুধু অভয়ার বিচার ছিনিয়ে নেওয়া হবে এবং ভবিষ্যতে আরও অভয়ার মতো ঘটনা হওয়ার রাস্তা খোলা থাকবে, তাহলে তো এই আন্দোলনের কোনও মানেই হয় না। আজকে যে এই টাস্কফোর্স গঠন হয়েছে, এটার জন্য যে লড়াই, আর যে দাবিগুলো উঠেছে, সবটাই আসলে আরেকটা অভয়ার মতো ঘটনা যেন না ঘটে। এটা না হলে, এই অভয়া তো ন্যায় বিচার পেয়ে যাবে, কিন্তু আবার অভয়া ঘটবে। কারণ পরিকাঠামোতেই তো ঘূণ ধরে রয়েছে।দেবলীনার কথায়, "রাজপথের লড়াই শেষ হয়নি। কারণ, এই আন্দোলনের যে দশটা দাবি রয়েছে, তার প্রথমটাই হল অভয়ার ন্যায়বিচার। বাকিগুলো পরিকাঠামো সংক্রান্ত। যেগুলো নিশ্চয়ই তাড়াতাড়ি পূরণ হয়ে যাবে। কিন্তু এক নম্বর অর্থাৎ অভয়ার ন্যায়বিচার যদি না হয়, তাহলে রাজপথ কেউ ছাড়ছি না। নিশ্চিত করে বলছি।"

অভিনেতা সুহোত্রর কণ্ঠে যেন হতাশার সুর। বরং বলা ভালো, একটু হলেও, গোটা বিষয়টা নিয়ে সুহোত্র কিছুটা বিভ্রান্ত। আন্দোলনের(RG Kar Protest) গতিপ্রকৃতি নিয়ে তাই প্রশ্ন করতেই অভিনেতার সাফ জবাব, "আমার কাছে ব্যাপারটা খুব কনফিউজিং।" এরপরই সুহোত্র আরও বলেন, "এই যে নারকীয় ঘটনা(RG Kar Issue) ঘটেছে, তিনমাস হয়ে গেল। আমাদের কাছে এখনও পরিষ্কার নয় যে, প্রশাসনের কাছ থেকে কী কী পদক্ষেপ করা হয়েছে। সঙ্গে এখন যা হচ্ছে তার মধ্যে অভয়ার বিচার যাতে চাপা না পড়ে যায়, সেটাও দেখা অত্যন্ত জরুরি বলে আমার মনে হয়। ততটাই জরুরি এটা সুনিশ্চিত করা, যাতে এর পরে আর কোনও স্কুল, কলেজ, ইনস্টিটিউট, অফিস কোথাও যেন অভয়ার মতো ঘটনা আর না হয়। যাঁদের এই পদক্ষেপ নেওয়ার অধিকারে রয়েছে তাঁরা কী কী পদক্ষেপ নিয়েছে,

সেটাও জানা উচিত। অন্তত আমার কাছে এই গোটা বিষয়টা পরিষ্কার নয়। আমার মনে হয় বহু মানুষের কাছেও পরিষ্কার নয়।"সুহোত্র আরও বলেন, "ডাক্তাররা অনশন প্রত্যাহার করেছে। মুখ্যমন্ত্রীর সঙ্গে বৈঠকের জন্যই প্রত্যাহার হল? নাকি সদর্থক কোনও রেসপন্স পাওয়ার কারণেই অনশন উঠল। আমাদের লড়াই কি আরও চালিয়ে যেতে হবে? সেটা পরিষ্কার নয়। আমার মনে হয়, কথার মধ্যে কথা হারিয়ে যাচ্ছে। জানি না কোনও সমাধান হবে কিনা। কিছু বিষয়ের অবশ্যই সমাধানের কথা এসেছে। টাস্কফোর্স গঠন হয়েছে, সেটা যদি কার্যকরী হয়, খুবই ভালো ব্যাপার। আসলে এটা সুনিশ্চিত হওয়া উচিত, যাতে এরকম ঘটনা কারও সঙ্গে না ঘটে। কোনও ধরনের যৌন নির্যাতনের কথা যেন ভয় না পেয়ে প্রশাসনকে জানাতে পারে বা থ্রেট কালচারের কথা প্রশাসনকে জানাতে পারে, সেই জায়গাটা তৈরি হওয়া খুবই গুরুত্বপূর্ণ। এর বাইরে অভয়ার বিচারের কথা যদি আসে তাহলে সেটা তো পুরোটাই সিবিআইয়ের হাতে। সিবিআইয়ের জনগণকে জানানো উচিত, যে তদন্ত কোন দিকে এগোচ্ছে। মানুষ জানতে চায়, আমরা এখন কোথায় দাঁড়িয়ে রয়েছি। আমাদের কাছে সবটা পরিষ্কার নয়। শুধু অভিযোগের কথা জানতে পেরেছি মাত্র। আসলে কী হচ্ছে, আমাদের কাছে পোক্ত কোনও তথয় নেই।"

## আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(দ্বিতীয় পর্ব)



ডান পায়ের কনিষ্ঠা আঙুলটি পড়েছিল। পুরাণে উল্লেখ আছে, দেবাদিদেব মহাদেবের অনিচ্ছাতেই পিতা দক্ষের দক্ষযজ্ঞে গিয়েছিলেন পার্বতী। রাজা দক্ষ দক্ষযজ্ঞের আয়োজন করে স্বর্গ-মর্ত-পাতালের সুর-অসুর, দেবতা সবাইকে আমন্ত্রণ জানালেও দেবাদিদেবকে আমন্ত্রণ পাঠান নি। এতে দেবাদিদেব রুষ্ট না হলেও তিনি নিজের স্ত্রী পার্বতী কে না করেছিলেন দক্ষযজ্ঞে যেতে। কিন্তু পার্বতী দেবাদিদেবের কথা না মেনেই দক্ষযজ্ঞে যান। সেই যজ্ঞানুষ্ঠানে পিতা দক্ষ পার্বতীর সামনেই দেবাদিদেব মহাদেবের চলন-বলন, সাজ-সজ্জা নিয়ে কটূক্তি করেন। ভরা সভায় নিজ স্বামীর অপমান সহ্য করতে না পেরে পার্বতী যজ্ঞকুণ্ডেই আত্মাহুতি দেন। পার্বতীর মৃত্যুর খবর পেয়ে মহাদেব শুরু করলেন তাণ্ডব। শেষে সৃষ্টি বিনাশ হয়ে যাবে এই আশংকায় বিষ্ণু উনার চক্র দিয়ে পার্বতীর দেহকে ৫১টি অংশে বিভক্ত করলেন। পার্বতীর শরীরের এই অংশ যেখানে পড়েছে সেখানেই একটি সতীপীঠ গড়ে উঠেছে। কালীঘাট নামে। সেই পৌরাণিক ইতিহাসের কথা তুলে ধরতে গেলে বলতে হয়, ব্রিটিশ আমলে অনেক ইংরেজ এই মন্দিরে এসে পুজা দিলেও অনেকেই আবার একে নেটিভ ইন্ডিয়ানদের বুজরুকি বলেই মনে করতেন। প্রচলিত এক গল্পে শোনা যায়, একবার এক ইংরেজ রাজ-কর্মচারী কালীঘাটের এক ব্রাহ্মনকে বললেন, তোমাদের দেবী যদি এতই জাগ্রত হন তাহলে লোহার পুতুল বলি দাও। একসময় কালীঘাটে প্রচুর পশুবলি হতো। ব্রাহ্মণ বললেন ঠিক আছে তাই হবে। লোহার তৈরি পুতুলই এই মন্দিরের যূপকাষ্ঠে বলি হবে। তাই হল। এবং আশ্চর্যজনক ভাবে নাকি লোহার তৈরি পুতুলকেই বলি দেয়া হয়েছিল। এই গল্প মানুষের মুখে মুখে ঘোরে আজও। এরপর থেকেই নাকি ইংরেজরাও নিয়মিত যেতেন কালীঘাটে পুজা দিতে। পঞ্জাব ও বার্মা দখলের পরও ইস্ট ইন্ডিয়া কোম্পানির পক্ষ থেকে এই মন্দিরে ষোড়শ উপাচারে পুজো দেওয়া হয়েছিল কোম্পানির

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

৩ পাতার পর

## হুইস্পার অফ এ ওয়েটল্যান্ড: এ ভিশন ফর টুমরো" , আবু (এশিয়া -প্যাসিফিক ব্রডকাস্টিং ইউনিয়ন) ২০২৪ এ সেরার শিরোপা জিতল

আবু পুরস্কার প্রদান করা হয়, যেটি ১৯৬৪ সালে প্রতিষ্ঠিত হয়েছিল এবং সারা বিশ্বে ২৪০ টিরও বেশি সদস্য সহ এটি বিশ্বের বৃহত্তম ব্রডকাস্টিং ইউনিয়ন।

এই প্রতিযোগিতাটি ব্রডকাস্টিং দুনিয়ার অন্যতম মর্যাদাপূর্ণ প্রতিযোগিতা যেখানে সৃজনশীলতা, উদ্ভাবনী ক্ষমতা এবং আকর্ষণীয়ভাবে গল্প বলার ক্ষমতাকে প্রচারে আনা হয়।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি ২২শে অক্টোবর, ২০২৪ তারিখে ৬১তম আবু জেনারেল অ্যাসেম্বলির অংশ হিসাবে তুরস্কের ইস্তানবুলের হিলটন ইস্তানবুল বসফরাস হোটেলে গালা ইভেন্টে আয়োজিত হয়।

এই সম্মান অর্জন আবারো প্রমাণ করলো যে উচ্চমানের এবং সামাজিকভাবে প্রাসঙ্গিক অনুষ্ঠান নির্মাণে আকাশবাণী আজও নিয়ুক্ত এবং পাবলিক সার্ভিস ব্রডকাস্টার হিসেবে তার নিরন্তর প্রচেষ্টা আজও অব্যাহত।


৩ পাতার পর

## ইরান ইসলামিক প্রজাতন্ত্রের প্রেসিডেন্টের সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

পরিস্থিতি সহ আঞ্চলিক উন্নয়ন নিয়েও তাঁদের মধ্যে মতবিনিময় হয়। প্রধানমন্ত্রী পশ্চিম এশিয়ার সংঘর্ষ নিয়ে তাঁর উদ্বেগের কথা জানান এবং উত্তেজনা প্রশমনে ভারতের মনোভাবের কথা ব্যক্ত করেন। নাগরিকদের জীবন রক্ষা এবং কূটনৈতিক আলাপ-আলোচনার মাধ্যমে সমস্যার সমাধানের ওপর জোর দেন প্রধানমন্ত্রী।

ব্রিক্স এবং এসসিও সহ বিভিন্ন মঞ্চে দুই দেশের মধ্যে সহযোগিতা বৃদ্ধি নিয়ে তাঁরা একমত হন। প্রধানমন্ত্রী ইরানের প্রেসিডেন্টকে ভারত সফরের আমন্ত্রণ জানান এবং তিনি সেই আমন্ত্রণ গ্রহণও করেন।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তবে এসব কথা আগেকার লোকেদের মধ্যে প্রচলিত ছিল, আজ আর তেমনি ভাবে নেই। অনেকেই লক্ষ্মী শব্দের অর্থ বিশ্লেষণ করিও না,লক্ষ্মী দেবীর আশীব্বার্দ তার সম্পদ ছাড়া আমাদের জীবন চলতে পারে না। লক্ষ্মী মানে শ্রী, সুরুচি। লক্ষ্মীসম্পদ আর সৌন্দর্যের দেবী। বৈদিক যুগে মহাশক্তি হিসেবে তাকে পুজো করা হত। তবে পরবর্তীকালে ধনশক্তির মূর্তি নারায়ণের সঙ্গে তাকে জুড়ে দেওয়া হয়,'বলছেন নৃসিংহপ্রসাদ ভাদুড়ী।তবেই লক্ষ্মী দেবীর আর এক নাম শ্রী।

ক্রমশঃ

## মধ্যপ্রাচ্যে শান্তি ফেরাতে দিল্লিতেই 'ভরসা' ইরানের, মোদি-পেজেস্কিয়ান সাক্ষাতে ভ্রূকুটি আমেরিকার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** যুদ্ধের কালো মেঘে ঢেকেছে মধ্যপ্রাচ্যের আকাশ। যে লড়াই শুরু হয়েছিল গাজায়, তা এবার লেবানন হয়ে ধীরে ধীরে ছড়িয়ে পড়ছে গোটা পশ্চিম এশিয়ায়। কার্যত সম্মুখ সমরে ইরান ও ইজরায়েল। হামাস-হেজবোল্লার মতো জঙ্গি সংগঠনকে সমূলে বিনাশ করতে গোটা গাজা ও লেবানন গুঁড়িয়ে দিচ্ছে ইজরায়েলি সেনা।এদিকে, কূটনীতির কারবারিদের মতে, সংঘাত থামিয়ে শান্তির পথে ফিরতে পুতিনের ভরসা মোদি। একইভাবে ভারতের প্রধানমন্ত্রীই 'শান্তির দূত' ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির কাছে। এবার পেজেস্কিয়ানও হস্তক্ষেপ চাইছেন দিল্লির। এটাই প্রমাণ যে বিশ্বের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে ভারতের ভূমিকা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। আঞ্চলিক বা আন্তর্জাতিক যেকোনও ইস্যুতেই ভারতের বিদেশনীতি থেকেই সমস্যা সমাধানের পথ খুঁজতে চায় একাধিক দেশ।পাশাপাশি ইরানে ভয়ংকর আঘাত হানার নীল নকশা তৈরি করছে তেল আভিভ। এই সংঘাত পরিস্থিতিতে রাশিয়ার কাজান শহরে অনুষ্ঠিত ব্রিকস সামিটের ফাঁকে মুখোমুখি হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র



মোদি ও ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেস্কিয়ান। ইউক্রেনের সঙ্গে রক্তক্ষয়ী সংঘাত থামাতে মোদি-মন্ত্রতেই ভরসা রেখেছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। তাঁর পথে হেঁটেই চলমান যুদ্ধ থামাতে মোদির হস্তক্ষেপ চাইলেন পেজেস্কিয়ান।

৩ বছর হতে চললেও থামেনি রাশিয়া-ইউক্রেন যুদ্ধ। সংঘাত থামিয়ে শান্তির পথে ফেরার জন্য দুদেশের রাষ্ট্রপ্রধানকেই বার্তা দিয়েছেন মোদি। প্রত্যেকবার তিনি মনে করিয়ে দিয়েছেন যে, যুদ্ধের ময়দানে কখনও সমস্যার সমাধান হয় না। কূটনৈতিক আলোচনা ও বৈঠক জরুরি। এবার ভারতের এই বিদেশনীতিতেই নাকি ভরসা রাখতে চাইছেন ইরানের প্রেসিডেন্ট। রয়টার্স সূত্রে খবর, ব্রিকস সম্মেলনের ফাঁকে মঙ্গলবার পেজেস্কিয়ানের সঙ্গে বৈঠক সারেন মোদি। পশ্চিম এশিয়ার উত্তপ্ত পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন নমো। তখনই শান্তিস্থাপনের উপর জোর দিয়ে পেজেস্কিয়ান বলেন, "মধ্যপ্রাচ্যের সংকট নিরসনে নয়াদিল্লি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।" এছাড়ও জানা গিয়েছে, এদিনের আলোচনায় ভারত-ইরান বন্ধুত্ব আরও মজবুত করতে সহমত পোষণ করেছেন মোদি ও পেজেস্কিয়ান। ভারত-ইরানের বন্ধুত্ব দীর্ঘ দিনের। কাশ্মীর ইস্যুতে আন্তর্জাতিক মঞ্চে একাধিকবার দিল্লির হয়ে সুর চড়িয়েছে তেহরান। ব্যবসা-বাণিজ্যের দিক দিয়েও দুদেশ একে ওপরের সহযোগী। কিন্তু সম্প্রতি খানিক হলেও দূরত্ব বেড়েছিল দুদেশের মধ্যে। ইরানের সুপ্রিম লিডার আয়াতোল্লা আলি খামেনেই দাবি করেন, "ভারতে মুসলিমদের উপর নিপীড়ন চালানো হচ্ছে।" যার পালটা দিয়ে সাউথ ব্লক সাফ জানায়, "আগে নিজের ঘর সামলান, পরে অন্যকে জ্ঞান দেবেন।" এর পরই জল্পনা শুরু হয়, ইরান-ভারত বন্ধুত্বে কি এবার দাড়ি পড়তে চলেছে? কিন্তু মোদি-সাক্ষাতে কার্যত সেই জল্পনা উড়িয়ে দিলেন পেজেস্কিয়ান।প্রসঙ্গত, ইরানের সঙ্গে বন্ধুত্ব নিয়ে আমেরিকার রক্তচক্ষুর নজরে পড়েছে ভারত। কিন্তু তাতেও তেহরানের হাত ছাড়েনি দিল্লি। কিন্তু এদিন মোদি-পেজেস্কিয়ান সাক্ষাতে চিন্তার ভাঁজ পড়েছে আমেরিকার কপালেও। আবার ইজরায়েলের সঙ্গেও বন্ধুত্ব বজায় রেখেছেন মোদি। একইভাবে ইহুদি দেশটিকেও শান্তির বার্তা দিচ্ছেন তিনি। ফলে মুসলিম বিশ্বে ভারসাম্যের খেলাতেই শান্তির পথ বাতলে দিতে চায় ভারত। এমনটাই মনে করেন বিশ্লেষকরা।

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

# দেবদাস সিনেমার অভিনয় পছন্দ হতো মায়ের, বিশ্বাস শাহরুখের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউডে পা রাখার আগেই বাবা-মাকে হারান শাহরুখ খান। ছেলের কারিয়ারে এত সাফল্য আর এত অর্জন, কিছুই দেখে জেতে পারেননি তারা। তবে শাহরুখের অভিনয় জীবনে বিশেষ যোগসূত্র রয়েছে তার অভিভাবকদের। তার একের পর এক সিনেমায় অভিনয়ের অনুপ্রেরণা বাবা মীর তাজ মহম্মদ খান ও মা লতিফ ফাতিমা।

সাধারণত প্রকাশ্যে বাবা-মাকে নিয়ে খুব একটা মন্তব্য করেন না শাহরুখ। তবে, সম্প্রতি একটি সাক্ষাৎকারে বাবা-মাকে নিয়ে আবেগঘন মন্তব্য করেছেন বলিউড বাদশা। তিনি বলেন, সবসময় মনে হতো আমি খুব বড় বড় সিনেমায় অভিনয় করব। যাতে স্বর্গ থেকে আমার মা ও বাবা সেগুলো দেখতে পান।

শাহরুখ জানান, শিশুসুলভ মনে হলেও, এখনও তিনি বিশ্বাস করেন যে, তার মা আকাশের তারা হয়ে রয়ে গেছেন। বলিউড বাদশা বলেন, আমি এখনও এটা বিশ্বাস করি এবং তাতে কাজও দেয়। কোন তারাটি আমার মা, আমি সেটাও জানি।

মা জীবিত থাকলে কোন সিনেমায় ছেলের অভিনয় পছন্দ করতেন? শাহরুখের মতে, দেবদাস' ছবিতে তার অভিনয় মায়ের পছন্দ হত। অভিনেতার কথায়, সিনেমায় আমাকে দেখলে তিনি প্রশংসাই করতেন।

কথাপ্রসঙ্গে এই সিনেমায় অভিনয় করার নেপথ্যকাহিনি শোনান শাহরুখ। অভিনেতা বলেন, অভিনেতাদের মধ্যে অনেকেই আমাকে সিনেমাটি করতে নিষেধ করেন। কিন্তু আমি করতে চেয়েছিলাম। হয়তো আমার মাকে দেখানোর জন্যই যে, দেখো মা... আমি 'দেবদাস' সিনেমায় অভিনয় করছি।

গত বছর শাহরুখ অভিনীত তিনটি সিনেমায় মুক্তি পায়। 'পাঠান', 'জওয়ান' ও 'ডাঙ্কি' তিনটিই বক্স অফিসে একাধিক নজির গড়েছে। এই মুহূর্তে 'কিং' সিনেমার প্রস্তুতিতে ব্যস্ত শাহরুখ। জানা গেছে, এই সিনেমায় একজন হত্যাকারীর চরিত্রে অভিনয় করবেন শাহরুখ। সুজয় ঘোষ পরিচালিত এই সিনেমায় শাহরুখের সঙ্গে অভিনয় করছেন তার মেয়ে সুহানা খা।

# ১০০ বছরে মল্লিক বাড়ির পূজা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এ বছর পূজার আমেজটা যেন একটু অন্যরকম। মন ভালো নেই শহরের। চারদিকে হাহাকারের শব্দ। আরজি করকাণ্ডে বিচার পাওয়ার চিৎকার। প্রতি বছরের মতো কলকাতার সেই উৎসবের আবহ যেন এবার একটু কম। জাঁকজমক এবং থিমের ভিড়ে সাবেকিয়ানার ওপর ধুলার আস্তরণ জমছে একটু একটু করে। কিন্তু এখনো শহর কলকাতায় সাবেকি পূজা যে কয়টি টিকে রয়েছে, ভবানীপুরের মল্লিকবাড়ি তার মধ্যেঅন্যতম।

ভবানীপুরের আদি বাড়ি মল্লিক বাড়ির পূজা যুগ যুগ ধরে বিখ্যাত টলিপাড়ায়। আমন্ত্রিত থাকেন টলিউডের একগুচ্ছ তারকা। তবে পূজার আয়োজন থেকে ভোগ বিতরণ, সবটা একা হাতেই সামলান তার মেয়ে কোয়েল। দেখা যায় অপরূপ সাজে। কিন্তু এবার? ১০০ বছরে পা রাখলেও প্রতিবারের আড়ম্বরকে ছোঁবে না রঞ্জিত মল্লিক ও কোয়েল মল্লিকের পূজা। আয়োজন হবে বাড়িতেই। ১০০ বছরে মল্লিক বাড়ির পূজা কোনোদিন বন্ধ হয়নি।

এবারো তা হবে না। তবে এই প্রথম বাড়ির দরজা বন্ধ ছিল। খোলা হয়নি জনসাধারণের জন্য। পূজার চারদিন তাদের বাড়িতে প্রতিমা দর্শনের পাশাপাশি আরো একটি বিশেষ আকর্ষণ থাকে। তা হলো, বিভিন্ন তারকাকে দেখতে পাওয়া। তারা আসেন মল্লিক বাড়ির পূজায়। মেতে থাকেন আনন্দে। তবে ১০০ বছরের পূজায় এই প্রথম বদলাবে এই নিয়ম। সাধারণ মানুষ এবার মল্লিক বাড়ির ঠাকুর দেখতে পাবেন না। কারণ কোয়েলের মতে, এবারের পূজা শুধু পূজাই। কোনো উৎসব না। তবে অন্যান্য বছরের তুলনায় এবার যে মল্লিক বাড়ির পূজা কিছুটা ম্স্নান, তা আর বলার অপেক্ষা রাখে না।

# আমার কোনও অনুশোচনা নেই : মালাইকা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চলতি মাসে বান্দ্রার ফ্ল্যাট থেকে ঝাঁপ দিয়ে আত্মঘাতী হয়েছেন বলিউড অভিনেত্রী মালাইকা অরোরা। এমন কঠিন সময়ে শুরু থেকে শেষ পর্যন্ত ছিলেন অর্জুন কাপুর। বলিপাড়ায় গুঞ্জন, ছয় বছর সম্পর্কে থাকার পর ফাটল ধরেছে তাদের প্রেমে।

অর্জুনের আগে আরবাজ খানের সঙ্গে প্রায় ১৭ বছরের দাম্পত্য জীবন ছিল তার। সেই সম্পর্কের অবসান ঘটিয়ে অর্জুনের সঙ্গে জীবনের নতুন অধ্যায় শুরু করেছিলেন অভিনেত্রী, সেখানেও ছন্দপতন।

কানাঘুষো শোনা যায় অর্জুন-মালাইকার সম্পর্কে নাকি তৃতীয় ব্যক্তির আগমন ঘটেছে। যদিও বিচ্ছেদ নিয়ে কখনোই প্রকাশ্যে কেউ কিছু বলেননি। তবে জীবনে যা যা সিদ্ধান্ত নিয়েছেন, বাবার মৃত্যুর পর তা নিয়ে অকপট মালাইকা।

সম্প্রতি এক সাক্ষাৎকারে অভিনেত্রী বলেন, 'আমি আমার জীবনে যে সিদ্ধান্তগুলো নিয়েছি তা নিয়ে কোনও অনুশোচনা নেই। ওই সিদ্ধান্তগুলো আমার জীবনের রূপরেখা তৈরি করেছে। যা কিছু ঘটছে এবং যেভাবে সবটা আমার চলার রাস্তায় এসেছে তার জন্য আমি কৃতজ্ঞ।'

মালাইকা ও অর্জুনের ঘনিষ্ঠরা জানান, সম্পর্ক ভাঙলেও নিজেদের মধ্যে বন্ধুত্ব ও শ্রদ্ধার সম্পর্ক বজায় রাখবেন এই তারকা জুটি। ওদের মধ্যে ভালবাসা ও শ্রদ্ধার সম্পর্ক ছিল কিন্তু দুর্ভাগ্যবশত সেটা স্থায়ী হয়নি। তার মানে এই নয় যে, ওদের মধ্যে কোনও তিক্ততা তৈরি হয়েছে। তারা সব সময় পরস্পরকে শ্রদ্ধা করেছেন এবং সব সময় পাশে থেকেছেন। সম্পর্কে পরস্পরের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার বিষয়টিকেই সব সময় অগ্রাধিকার দিয়েছেন।



# মুখার্জি বাড়ির পূজা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মুম্বাইয়ে বাঙালির সংখ্যা কম নয়। তারকাদেরও অনেকে বাঙালি। তা সত্ত্বেও পুজো পুজো গন্ধে মাতোয়ারা এখন মুম্বাই। ধুনুচি নাচে নাচবেন বলিউডের তারকারা। পূজার প্রথম দিন থেকে দশমীর সিঁদুর খেলা পর্যন্ত নিজেদের মত্ত রাখবেন দুর্গোৎসবে। তারপর যদি তা হয় মুখোপাধ্যায় বাড়ির পূজা, তাহলে তো আর কোনো কথাই নেই। কথা হচ্ছে বলিউডের হট ফেভারিট অভিনেত্রী কাজল ও রানী মুখোপাধ্যায়ের। মুম্বাইয়ের অন্যতম পূজার মধ্যে এটি একটি। মুখোপাধ্যায় বাড়ির দুই কন্যার এই পূজায় মিলেমিশে যায় গোটা বলিউড।

পূজার আমেজে মেতে উঠবে মায়ানগরী মুম্বাইও। মুখার্জি বাড়ির পূজায় বসবে চাঁদের হাট। যে পূজার কথা হচ্ছে, তা রানী মুখার্জির বাড়ির পূজা হিসেবেই বিখ্যাত। এই পূজায় কিন্তু সব সময় দেখা যায় কাজল ও অজয় দেবগনকে। কারণ, কাজল সম্পর্কে রানীর তুতোবোন। পূজার সব কাজ করতে দেখা যায় কাজলের মা তনুজাকেও। নর্থ বম্বে সার্বজনীন দুর্গাপূজার শুরু ১৯৪৭ সালে। পূজার চার দিন ব্যস্ততা থেকে মুখ ফেরাতে পারেন না রানী। সঙ্গে থাকেন কাজলও। বাড়ির পূজার মণ্ডপে বসে তারকাদের আড্ডা। স্বপ্ন নগরীর এক এক তাবড় সেলিব্রেটি উপস্থিত থাকেন এই পূজায়।

অমিতাভ, অভিষেক বচ্চন, জয়া বচ্চন থেকে হৃত্বিক রোশন, রণবীর কাপুর; অনেকেই নিয়ম করে উপস্থিত হন এই পূজায়। কলকাতার সঙ্গে মুম্বাইয়ের প্রবাসী বাঙালিদের কাছে দুর্গাপূজা যেন ঐতিহ্যের। মিশে আবেগও। তাই শুধু পূজা দেখতে আসা নয়, বরং পূজার কাজেও হাত লাগান অনেক তারকা। পূজার প্রথম দিন থেকে দশমীর সিঁদুর খেলা পর্যন্ত এক ফ্রেমে ধরা দেন কাজল ও রানী। তবে এত ঘনিষ্ঠতা কিন্তু বিগত কয়েক বছরেও দেখা যায়নি। এমনকি যখন তারা চুটিয়ে একের পর এক ছবি করতেন, তখন কিন্তু পারস্পরিক সম্পর্কটা এতটা মধুর ছিল না।

এখন পূজার চার দিন একে অপরকে ছাড়া এক মুহূর্তও থাকতে পারেন না। রানী সব সময়ই বলেন, 'কাজলকে ছাড়া দুর্গাপূজা অসম্পূর্ণ।' পূজায় দেখা যায় ইমতিয়াজ আলি, তনিশা, সুমনা, মৌনিসহ অনেককে। বাঙালি তারকারা যেন কলকাতার মতো পূজা উপভোগ করেন রানীর বাড়িতেই। আনন্দে মাতোয়ারা থাকে গোটা মুম্বাই। বহু তারকার সমাগম দেখা যায় মুখার্জি বাড়ির পূজায়। এবারো কোনো ব্যতিক্রম থাকবে না আতিশয্যে।

# মায়ের অনুমতি নিয়েই ৫ বছর লিভ-ইন সম্পর্কে ছিলেন কারিনা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিবাহ বিচ্ছেদের দীর্ঘদিন পর বলিউড অভিনেত্রী কারিনা কাপুরের সঙ্গে সম্পর্কে জড়ান অভিনেতা সাইফ আলী খান। দুজনে দীর্ঘ পাঁচ বছর ছিলেন লিভ-ইন সম্পর্কে। সম্প্রতি এক সাক্ষাৎকারে অভিনেত্রী জানান, মায়ের অনুমতি নিয়েই সাইফের সঙ্গে লিভ-ইনে ছিলেন তিনি। একপর্যায়ে সম্পর্ককে নাম দিতে বিয়ের সিদ্ধান্ত নেন তারা। প্রেমের সম্পর্কে জড়ানোর পরপরই কারিনার সঙ্গে লিভ-ইন করার প্রস্তাব দেন সাইফ আলী খান। কিন্তু কারিনা সাফ জানিয়ে দেন এ ব্যাপারে তার মায়ের (ববিতা কাপুর) কাছে অনুমতি নিতে হবে সাইফের। তারপর কোনো ভণিতা না করে সোজা কারিনার মায়ের কাছে চলে যান এবং সম্পর্কের কথা সুন্দরভাবে কারিনার মাকে জানান সাইফ আলী খান। শুধু তাই নয়, কারিনার সঙ্গে একসঙ্গে থাকার অনুমতিও চান তিনি। এ বিষয়ে এক সাক্ষাৎকারে কারিনা কাপুর বলেছিলেন, 'সাইফ মাকে বলেছিল, আমরা বাকি জীবনটা একসঙ্গে কাটাতে চাই। মা সব শুনে কোনো দ্বিরুক্তি করেননি; বরং রাজি হয়ে যান।'

২০০৭ সালে 'টশান' সিনেমার শুটিংয়ের সময় একে অন্যের প্রেমে পড়েন এই জুটি। সাইফের সঙ্গে সম্পর্কে জড়ানোর খবর কি জানতেন কারিনার বড় বোন অভিনেত্রী কারিশমা কাপুর? দ্য গ্রেট ইন্ডিয়ান কপিল শর্মা শোয়ে উপস্থিত হয়ে এই প্রশ্নের মুখে পড়েন অভিনেত্রী। যেখানে কারিশমা জানান, সাইফ আলী খানের সঙ্গে প্রেমের সম্পর্কের কথা মুঠোফোনে কারিনার কাছ থেকে জানতে পারেন তিনি। সেদিনের ঘটনার বর্ণনা দিয়ে অভিনেত্রী বলেন, 'মুঠোফোনে কারিনা আমাকে কিছু বলতে চায়। কিন্তু তার আগে আমাকে কোথাও বসতে বলে। তবে আমি বুঝতে পারছিলাম না কেন আমাকে বসতে হবে! ওই সময়ে লন্ডনে আমি মার্কেটে কেনাকাটা করছিলাম। তারপর একটি সোফা খুঁজে নিয়ে বসে পড়ি!' কারিনার কথা শুনে চোখ কপালে উঠে যায় কারিশমার। এ তথ্য উল্লেখ করে অভিনেত্রী বলেন, কারিনা বলছিল, 'বিষয়টি হলো, আমি সাইফের প্রেমে পড়েছি। আমরা একসঙ্গে আছি। আমরা ডেট করছি।' এ কথা শুনেই আমি শক্ত করে সোফা ধরেছিলাম। কারণ সাইফ আমার বন্ধু এবং সহ-অভিনেতা ছিল, তাই না? ২০১২ সালে বিয়ে করেন সাইফ-কারিনা। ২০১৬ সালে জন্ম নেয় এ দম্পতির প্রথম সন্তান তৈমুর আলী খান। ২০২১ সালের ২১ ফ্রেব্রুয়ারি এ জুটির সংসার আলো করে জন্ম নেয় দ্বিতীয় পুত্র সন্তান।

# মেসি কি সত্যিই ফুটবলকে বিদায় জানাবেন?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিশ্ব বিখ্যাত ফুটবল খেলোয়াড় লিওনেল মেসি।দীর্ঘ ফুটবল ক্যারিয়ারে তাঁর অপ্রাপ্তি বলে কিছু নেই।গেলো কাতার বিশ্বকাপ জয়ের পরই মেসির সব আক্ষেপ দূর হয়ে গেছে। এরপর জিতেছেন একটি ব্যালন ডিঅর ও সর্বশেষ কোপা আমেরিকা শিরোপাও।এমন সাফল্যের পর অবসরের পথে হাঁটেন প্রায় সব কিংবদন্তিরা।তবে মেসি এখনও তেমনটি করেননি। এখনও খেলা চালিয়ে যাচ্ছেন। ক্যারিয়ার নিয়ে মেসির ভাবনাটা আসলে কি?

১৭অক্টোবর যুক্তরাষ্ট্রের' মায়ামির চেজ স্টেডিয়ামে স্পেনের সংবাদমাধ্যম মার্কার 'আমেরিকা লেজেন্ড' পুরস্কার নেওয়ার সময় নিজের ফুটবল ক্যারিয়ার নিয়ে কথা বলেন মেসি। দিয়েছেন অবসরের ইঙ্গিতও।

মেসি বলেন, 'যেটা ভালোবাসি সেটা যখন করার সুযোগ পাই তখন ভালো থাকি।২০২৬ বিশ্বকাপে খেলার চেয়ে এটা আমার কাছে বেশি গুরুত্বপূর্ণ। এখনো বিশ্বকাপে খেলার লক্ষ্য স্থির করিনি, কিন্তু প্রতিটি দিন ধরে ধরে ভালো থাকার চেষ্টা করছি।'

২০২৬ বিশ্বকাপে খেলবেন কি খেলবেন না, এ বিষয়ে মেসি বলেন, 'দেখা যাক কী হয়। আমি আগেভাগেই ভাবতে পছন্দ করি না। প্রতিটি দিন উপভোগের চেষ্টা করি। আশা করি এই পর্যায়ে খেলা চালিয়ে যেতে পারব, ভালো অনুভব করব এবং সুখী থাকব। যেটা ভালোবাসি সেটা যখন করার সুযোগ পাই তখন ভালো থাকি। ২০২৬ বিশ্বকাপে খেলার চেয়ে এটা আমার কাছে বেশি গুরুত্বপূর্ণ। এখনো বিশ্বকাপে খেলার লক্ষ্য স্থির করিনি, কিন্তু প্রতিটি দিন ধরে ধরে ভালো থাকার চেষ্টা করছি।'

মার্কার হিসাব অনুযায়ী ক্যারিয়ারে ৪৬টি ট্রফি জয়ের পাশাপাশি ৫৬টি ব্যক্তিগত পুরস্কার জিতেছেন মেসি। যদিও ইএসপিএনের হিসাব অনুযায়ী, আর্জেন্টাইন তারকার মোট ট্রফিসংখ্যা ৪৮। ক্যারিয়ার জুড়ে এত ট্রফি জেতা মেসির প্রথম ট্রফি কোনটি। সেই স্মৃতি কি মনে আছে মেসির। এমন প্রশ্নে মেসি বলেন, 'ছোটবেলায় জেতা প্রথম ট্রফির ছবি দেখেছি। কিন্তু মনে নেই সেভাবে। খুব অল্প বয়স থেকে ফুটবল উপভোগ করি। এটা আমার প্যাশন।'

অনেকের মতে, অবসর নিতেই ইন্টার মায়ামিতে এসেছেন মেসি। যদিও সেটা মানতে নারাজ আর্জেন্টাইন মহাতারকা। বলেন, 'অবসর নিতে এখানে (মায়ামি) আসিনি। শিরোপা জয়ের মাধ্যমে এই দলটিকে বড় করে তুলতে আমরা এখানে এসেছি, যেটা আমরা করেছি এবং আরও শিরোপার কাছাকাছি আছি।'

আর্জেন্টিনার হয়ে খেলা কেমন উপভোগ করছেন এমন প্রশ্নে মেসি বলেন, 'কিছুদিন আগে মনুমেন্তাল স্টেডিয়ামে (বলিভিয়া ম্যাচে) লোকে আমার এবং আমার সতীর্থদের নামে চিৎকার করেছে। আর্জেন্টিনার হয়ে অনেক খারাপ সময় পার করেছি,তবে বর্তমান সময়ের জন্য আমি কৃতজ্ঞ। আমি এটা উপভোগ করছি কারণ সময় ফুরিয়ে যাচ্ছে।'

# টাচলাইনে এক ম্যাচ নিষিদ্ধ ওয়েইন রুনি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইংলিশ ফুটবলের দ্বিতীয় স্তরের টুর্নামেন্ট চ্যাম্পিয়নশিপের ম্যাচে অসদাচরণের দায়ে শাস্তি পেয়েছেন প্লিমিথ অর্গাইলের কোচ ওয়েইন রুনি। সাবেক ইংলিশ এই স্ট্রাইকারকে টাচলাইনে এক ম্যাচের নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। একই সঙ্গে জরিমানা করা হয়েছে সাড়ে পাঁচ হাজার পাউন্ড।

১৮ অক্টোবর এক বিবৃতিতে রুনির শাস্তির বিষয়টি জানিয়েছে ইংল্যান্ডের ফুটবল অ্যাসোসিয়েশন। চলতি মাসের শুরুতে ব্ল্যাকবার্ন রোভার্সের বিপক্ষে প্লিমিথের ম্যাচে এই ঘটনা ঘটে। ২-১ গোলে প্লিমিথের জয়ের ম্যাচে ম্যাচ অফিশিয়ালকে অপমান করে কথা বলেন রুনি। এছাড়াও ছোটখাটো আরও ভুল করেছেন তিনি। আর তাতেই মিলেছে শাস্তি। আগামী এক ম্যাচ টাচলাইনে থাকতে পারবেন না তিনি। ব্ল্যাকবার্ন রোভার্সের বিপক্ষে ওই ম্যাচে শুরুতে এগিয়ে যায় প্লিমিথ। ৮৬ মিনিটে গিয়ে সেই গোল পরিশোধ করে ব্ল্যাকবার্ন। তবে প্রতিপক্ষের ওই গোল নিয়ে আপত্তি জানিয়ে রুনি দাবি করেন, বিল্ড-আপের সময় ফাউল হয়েছিল। ম্যাচ অফিশিয়ালের সঙ্গে এসময় তর্কে জড়িয়ে লাল কার্ড দেখেন রুনি।

লাল কার্ড দেখে মাঠ ছাড়লেও ম্যাচের ৯৭ মিনিটে প্লিমিথের জয়সূচক গোলের পর উদযাপন করতে মাঠে ফিরে আসেন রুনি। যেটা আরেকটি অপরাধ। রুনির বিরুদ্ধে মোট তিনটি ধারায় অভিযোগ এনেছিল এফএ। সবগুলো অভিযোগই স্বীকার করে নিয়েছেন তিনি।

গত মে মাসে প্লিমিথের কোচের দায়িত্ব নেন ওয়েইন রুনি। চ্যাম্পিয়নশিপের টেবিলে ১৪ নম্বরে আছে তার দল।

# ইয়ামালের জন্য ২৫০ মিলিয়ন ইউরোর প্রস্তাব 'ফিরিয়ে দিয়েছিল' বার্সা!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লামিন ইয়ামালকে পেতে বার্সেলোনাকে ২৫০ মিলিয়ন ইউরোর প্রস্তাব দিয়েছিল একটি ক্লাব। তবে ক্লাবটির লোভনীয় সেই প্রস্তাব ফিরিয়ে দিয়েছিল বার্সা। বার্সা ওয়ানের সাথে এক সাক্ষাৎকারে গ্রীষ্মকালীন সেই প্রস্তাবটি নিয়ে কথা বলেন বার্সেলোনা সভাপতি হুয়ান লাপোর্তা। যদিও সাক্ষাৎকারে আগ্রহী সেই ক্লাবের নাম জানাননি লাপোর্তা।

সাক্ষাৎকারে লাপোর্তা বলেছেন, "৬ মাস আগে লামিনকে কিনতে তারা আমার কাছ থেকে ২৫০ মিলিয়ন ইউরোর প্রস্তাব নিয়ে এসেছিল, আমি তখনই তাদের না করে দিয়েছিলাম। কারণ সে এখন বিশ্বের সবচেয়ে জনপ্রিয় খেলোয়াড়।"

ইয়ামাল নিয়ে আলোচনার পাশাপাশি 'বার্সেলোনা বেশ ক'জন ফুটবলারকে ছেড়ে দিয়েছে বা ছাড়তে বাধ্য হয়েছে' এমন অভিযোগের জবাবেও কথা বলেন লাপোর্তা। তার দাবি, ক্লাব ছেড়ে যাওয়া ফুটবলাররা সবাই ফুটবলীয় কারণেই চলে গেছেন। তিনি বলেন, "অনেকেই মনে করেন, টাকা-পয়সার হিসাব ঠিক রাখতে আমরা অনেক ফুটবলারকে ছেড়ে দিয়েছি। আদতে তা সত্যি নয়। যে ফুটবলাররা চলে গেছে, তারা ফুটবলীয় কারণেই গেছে। (উসমান) দেম্বেলে, (মার্ক) গিউ...বার্সায় তারা সবকিছু যতটা ভালোভাবে করতে পেরেছে, অন্য কোনো ক্লাবে পারবে না।"

# যে শর্তে জাতীয় দলে ফিরতে পারবেন নেইমার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ব্রাজিলের তারকা ফুটবলার নেইমার জুনিয়র এসিএল ইনজুরিতে পড়ে এক বছর ধরে মাঠের বাইরে। তবে তার ক্লাব আল হিলালের বিশ্বাস, চলতি মাসেই মাঠে ফিরবেন তিনি। যদিও সেক্ষেত্রে ক্লাবটিকে অপেক্ষা করতে হবে ব্রাজিল দলের চিকিৎসকের অনুমতির জন্য। তার পাশাপাশি আগামী মাসে জাতীয় দলে নেইমার ফিরতে পারবেন কিনা তাও নির্ভর করছে এই সিদ্ধান্তের উপর।

বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচ খেলতে নেমে গত বছরের ১৭ অক্টোবর নেইমার অ্যান্টেরিওর ক্রুসিয়েট লিগামেন্ট (এসিএল) চোটে পড়েন। এক বছর পূর্ণ হলেও এখনও মাঠে ফেরা হয়নি তার। তবে নেইমার আছেন পুনর্বাসন প্রক্রিয়ায়। আল-হিলাল সূত্রের বরাতে সংবাদমাধ্যম ইএসপিএন জানিয়েছে, নেইমারের মাঠে ফেরার সম্ভাব্য সময় ২১ অক্টোবর। গত মাস থেকেই দলের সঙ্গে পুরোদমে অনুশীলন করছেন ব্রাজিলের এই তারকা।

গত বছর ফরাসি ক্লাব পিএসজি ছেড়ে সৌদি ক্লাব আল হিলালে যোগ দেন নেইমার। সেই সময় ইনজুরির কারণে মাঠে নামতে দেরি হয় তার। তবে আল হিলালের হয়ে অভিষেকের পর মাত্র ৫ ম্যাচ খেলেই আবারও ইনজুরিতে পড়েন ৩২ বছর বয়সি এই তারকা।

এদিকে, ব্রাজিলিয়ান সংবাদমাদ্যম গ্লোবো জানিয়েছে, নেইমারের ফিটনেস ও চোটের সর্বশেষ অবস্থা জানতে সৌদিতে উড়াল দেবেন জাতীয় দলের চিকিৎসক লাসমার। তার অনুমতি পেলে আল-হিলালের চূড়ান্ত স্কোয়াডে অন্তর্ভূক্ত হবেন নেইমার। পরবর্তীতে তাদের ম্যাচ রয়েছে ৪ নভেম্বর। যদিও ১ নভেম্বরই পরবর্তী দুই ম্যাচের জন্য দল ঘোষণার কথা ব্রাজিলের। এক্ষেত্রে প্রধান তারকার জন্য কোচ দরিভাল অপেক্ষা করবেন কি না সেটাই এখন দেখার বিষয়।

# মার্কা আমেরিকা অ্যাওয়ার্ড পেলেন মেসি, মুখ খুললেন ২০২৬ বিশ্বকাপে খেলা নিয়ে




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ২০২৬ বিশ্বকাপে খেলা নিয়ে মুখ খুললেন লিওনেল মেসি। বৃহস্পতিবার (১৭ অক্টোবর) রাতে ইন্টার মায়ামির চেজ স্টেডিয়ামে 'মার্কা আমেরিকা অ্যাওয়ার্ড' পুরস্কার গ্রহণের অনুষ্ঠানে বিষয়টি নিয়ে কথা বলেন তিনি।

মেসি সাফ জানিয়ে দেন ২০২৬ বিশ্বকাপে খেলার বিষয়টি নিয়ে আগেভাগেই কোনো সিদ্ধান্ত নিতে চান না। অনুষ্ঠানে মেসি বলেন, 'দেখা যাক কী হয়। এখনই বেশি সামনে এগোতে চাই না। প্রতিটি দিন উপভোগের চেষ্টা করি।'

তিনি বলেন, 'আশা করি এই পর্যায়ে খেলা চালিয়ে যেতে পারব, ভালো অনুভব করব এবং সুখী থাকব। যেটা ভালোবাসি সেটা যখন করার সুযোগ পাই তখন ভালো থাকি। ২০২৬ বিশ্বকাপে খেলার চেয়ে এটা আমার কাছে বেশি গুরুত্বপূর্ণ। এখনো বিশ্বকাপে খেলার লক্ষ্য স্থির করিনি, কিন্তু প্রতিটি দিন ধরে ধরে ভালো থাকার চেষ্টা করছি।'

মেসি বলেন, 'আমি এখনো শিরোপার জন্য ক্ষুধার্ত, যদিও আমার বয়স বাড়ছে, পরিবার বড় হচ্ছে। আমি তাদের সমর্থন অনুভব করি, তাই আমি অপ্রতিরোধ্য। আমি ফুটবল ভালোবাসি এবং এটাই আমাকে সবকিছু দিয়েছে।'

ক্যারিয়ারের সায়াহ্নে এসেও থেমে নেই মেসির অর্জনের ঝুলি। শুধু দলগত শিরোপা নয়, ব্যক্তিগত অর্জনেও অনেক এগিয়ে মেসি। ৮ ব্যালন ডি'অর, ২ ফিফা বিশ্বকাপ গোল্ডেন বল, ৬ ইউরোপিয়ান গোল্ডেন বুটসহ তার ঝুলিতে আছে ৫৬টি ব্যক্তিগত পুরস্কার। সব মিলিয়ে জিতেছেন ১০২টি শিরোপা। তার এমন অর্জনকে স্বীকৃতি দিতে স্প্যানিশ সংবাদ মাধ্যম 'মার্কা' চেজ স্টেডিয়ামে তাকে বিশেষ পুরস্কারে ভূষিত করেছে। তার হাতে ১৭ অক্টোবর রাতে 'মার্কা আমেরিকা' অ্যাওয়ার্ড তুলে দেন মার্কার পরিচালক হুয়ান ইগনাসিও গ্যালার্দো।

# এক শব্দে বললে মেসি একজন চ্যাম্পিয়ন: বেকহ্যাম




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ম্যানচেস্টার ইউনাইটেড তারকা রিও ফার্ডিনান্ডের পডকাস্টে হাজির হয়ে ইংলিশ ফুটবলার ডেভিড বেকহ্যাম তুলে ধরেছেন লিওনেল মেসির পরিশ্রমের গল্প। ইন্টার মায়ামিতে যোগ দিয়ে প্রথম দিনেই মেসি তাকে চমকে দিয়েছিল বলে জানান ইংলিশ কিংবদন্তি। সেটা কিভাবে? নিজেই শোনালেন বেকহ্যাম।

বেকহ্যাম বলেন, 'আমি তোমাকে মেসির প্রথম দিনে ফিরিয়ে নিয়ে যাবো যখন সে আমাদের ট্রেনিং গ্রাউন্ডে এসেছিল। সে সকাল ৬টা ৫০ মিনিটে মাঠে এসেছিল। সেই সময় মাঠে আর কেউ ছিলো না। এমনকি ট্রেনিং ম্যানেজমেন্টের কোনো সদস্যও না। সে একদম ৬টা ৫০ মিনিটে হাজির হয়েছিল, ৬টা ৫০! অবাক হচ্ছো? 'যেখানে পুরো দল ১০টার আগে ট্রেনিংয়ে আসে না। এমনকি ১০টার আগপর্যন্ত কেউ ট্রেনিংও শুরু করে না। সেখানে মেসি এসেছে সকালে। সে জিম করেছে। শরীর গরম করেছে। সে সকল কিছুই করেছে যা একজন কিশোর খেলোয়াড়ের থেকে তুমি আশা করো।'- আরও যোগ করেন বেকহ্যাম।

মেসিকে চ্যাম্পিয়ন খেলোয়াড় ছাড়া কোনো বিশেষণ দিতে চান না বেকহ্যাম। তার চোখে মেসি একজন চ্যাম্পিয়ন জানিয়ে মায়ামি মালিকের ব্যাখ্যা, 'এমনকি সে এখনো এই বয়সে একই নিয়ম মেনে চলছে। তার ক্যারিয়ারে জেতার তো কিছু বাকি নেই। তুমি তার থেকে অন্তত একটু ঢিলেমি প্রত্যাশা করতেই পারো। কিন্তু সে... আমি যদি তাকে এক শব্দে ব্যাখা করতে চাই, সে একজন চ্যাম্পিয়ন।'

# রোনালদোর শেষ মুহূর্তের গোলে নাসেরের রোমাঞ্চকর জয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আন্তর্জাতিক বিরতিতে পর্তুগালের হয়ে ছিলেন দারুণ ছন্দে।ক্লাবে ফিরেও ক্রিশ্চিয়ানো রোনালদো ধরে রাখলেন ধারাবাহিকতা। সউদী ক্লাব আল নাসেরকে শেষ মুহূর্তের ম্যাজিকে এই পর্তুগিজ মহাতারকে এনে দিলেন রোমাঞ্চকর এক জয়।

সউদী প্রো লীগে আল শাবাবকে ২-১ ব্যবধান হারিয়েছে লুইস কাস্ত্রোর শিষ্যরা।গোলশুন্য প্রথামার্ধের পর ম্যাচের ৬৯তম মিনিটে স্পেন তারকা এমেরিক লাপোর্তের গোলে লিড নেয় নাসের।সেই লিড ধরে রেখে জয়ের পথেই ছিল সউদী ক্লাবটি।তবে নির্ধারিত সময়ের শেষ মিনিটে নাসের মিডফিল্ডার আলী আহসানের আত্মঘাতী গোলে ম্যাচে ফেরে শাবাব।

পয়েন্ট হারানোর শঙ্কায় থাকার নাসেরের এরপর ত্রাতা হয়ে আসেন রোনালদো।যোগ করা সময়ের সপ্তম মিনিটে তার সফল স্পটকিকেই ম্যাচে ব্যবধান গড়ে দেয়।চলতি মৌসুমের এটি রোনালদোর ষষ্ঠ গোল।

এরপরের কয়েক মিনিটে শাবাব মরিয় চেষ্ঠা করেও ভাগ্যের ফের আর ম্যাচে ফিরতে পারেনি।ফলে মোহাম্মদ সিমকানে লাল কার্ড দেখায় শেষদিকে ১০ জনের দলে পরিণত হলেও নাসের জয় নিয়েই মাঠ ছাড়ে।

■ স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR